



সাপ্তাহিক

# সুপ্রভাত ঢাকা

সত্যের পথে, দেশের স্বার্থে

সোমবার
৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বাংলা
২০ মে ২০২৪ ইং
১১ জিলকদ ১৪৪৫ হিজরি
পৃষ্ঠা-৮ ॥ মূল্য ৫ টাকা




## জাতি-ধর্ম নির্বিশেষে কেউ যেন বৈষম্যের শিকার না হন : রাষ্ট্রপতি

বাসস

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে কেউ যেন বৈষম্যের শিকার না হন সে দিকে সরকারের পাশাপাশি নাগরিক সমাজকেও কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন।
তিনি বলেন, 'নাগরিকদের প্রতি যে কোনো ধরনের বৈষম্য আইনের শাসনের পরিপন্থী।

৭-এর পাতায় দেখুন



## এভারেস্টের চূড়ায় বাংলাদেশি পর্বতারোহী বাবর আলী

বিশেষ প্রতিনিধি

পঞ্চম বাংলাদেশি হিসেবে বিশ্বের সর্বোচ্চ শৃঙ্গ মাউন্ট এভারেস্ট জয় করেছেন বাবর আলী। রোববার (১৯ মে) বাংলাদেশ সময় সকাল সাড়ে ৮টায় এভারেস্টের চূড়ায় ওঠেন তিনি। বেসক্যাম্প টিমের বরাতে এ তথ্য নিশ্চিত করেছেন অভিযানের প্রধান সমন্বয়ক

৭-এর পাতায় দেখুন



## বঙ্গবন্ধু স্বাধীনতা বিরোধীদের ক্ষমা করেননি

সুপ্রভাত ঢাকা প্রতিবেদক

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, অনেকে বলেন বঙ্গবন্ধু স্বাধীনতা বিরোধীদের ক্ষমা

৭-এর পাতায় দেখুন



## শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস মানুষের হৃদয়ে গাঁথা থাকবে

বাসস

প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবসটি বাংলাদেশের মানুষের হৃদয়ে গাঁথা থাকবে উল্লেখ করে আইন, বিচার ও

৭-এর পাতায় দেখুন



## পাটকলগুলো নিয়ে সরকারের নতুন চিন্তা

বাসস

বস্ত্র ও পাট মন্ত্রী এবং আওয়ামী লীগের সভাপতি মন্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক বলেছেন, দেশের পাটকলগুলো নিয়ে

৭-এর পাতায় দেখুন



# বর্জ্য ব্যবস্থাপনা উপেক্ষা করে দেশ ধ্বংস করবেন না : প্রধানমন্ত্রী

বাসস




প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব থেকে দেশ ও জনগণকে বাঁচাতে এবং শিল্পায়নকে পরিবেশবান্ধব করতে শিল্প-কারখানা নির্মাণে সঠিক বর্জ্য ব্যবস্থাপনা ব্যবস্থা গড়ে তুলতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন।
তিনি বলেন, 'শিল্প আমাদের গড়ে তুলতে হবে। কিন্তু শিল্প বর্জ্য ব্যবস্থাপনা অবশ্যই সকলকে করতে হবে এবং সেটা মেনে নিতে হবে। সামান্য একটু কেমিক্যাল ব্যবহারের ওই পয়সাটা বাঁচাতে যেয়ে দেশের সর্বনাশ, সাথে সাথে নিজের সর্বনাশটা কেউ করবেন না- সেটা আমার অনুরোধ থাকলো।'
প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৯ মে) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'একাদশ জাতীয় ক্ষুদ্র ও মাঝারি শিল্প পণ্য (এসএমই) মেলা-২০২৪' এর উদ্বোধনকালে দেওয়া প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন।
আমাদের দেশ 'ভৌগলিক সীমারোখায় ছোট এবং জনসংখ্যার দিক দিয়ে বড়' উল্লেখ করে তিনি বলেন, সেক্ষেত্রে আমাদের নিজেদের দেশের পরিবেশ ও সবকিছু অত্যন্ত পরিকল্পিতভাবে হওয়া উচিত। স্বাস্থ্যসম্মত হওয়া উচিত। সাথে সাথে জলবায়ুর অভিঘাতে যেন আমরা ক্ষতিগ্রস্ত না হই সেদিকে সকলকে দৃষ্টি দিতে হবে।
সরকার প্রধান বলেন, 'আমরা আমাদের শিল্পখাতকে আরও পরিবেশবান্ধব করতে চাই। কারণ শিল্পখাত একান্তভাবে পরিবেশবান্ধব হওয়া উচিত।'
তিনি বলেন, যারা যেখানেই কোন শিল্প গড়ে তুলবেন সেখানে অবশ্যই লক্ষ্য রাখবেন আপনার এই শিল্পের এই বর্জ্য যেন নদীতে না পড়ে, আমাদের পানি যেন কোনভাবে দূষণ না হয়, মাটিতে দূষণ যেন না হয়। সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য আমি বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।
প্রধানমন্ত্রী বলেন, আমি খুব আনন্দিত কেননা আজকের এসএমই পণ্য মেলায় দেখা যাচ্ছে উদ্যোক্তা ৬০ শতাংশই নারী।
তিনি নারীদের অভিনন্দন জানিয়ে বলেন, সমাজের একটা অংশকে বাইরে রেখে সেই সমাজ কখনো এগিয়ে যেতে পারে না। আমাদের দেশের নারী-পুরুষ সকলকেই যদি আমরা উদ্যোক্তা হিসেবে তৈরী করতে পারি তাহলে সমানভাবে দেশটা দ্রুত উন্নত হবে। এজন্য নারী উদ্যোক্তা আমাদের দরকার।
যেহেতু শিল্প মন্ত্রণালয় এবং এসএমই ফাউন্ডেশন থেকে নারী উদ্যোক্তাদের বিশেষ সুবিধা দেওয়া হচ্ছে সেক্ষেত্রে পুরুষরা ঘরের নারীদের (স্ত্রী-কন্যা-বোন) নামে, তাদের সঙ্গে নিয়ে এখানে যুক্ত হতে পারেন বলেও তিনি

৭-এর পাতায় দেখুন



## বিএনপি ক্ষমতায় এসে সব কমিউনিটি ক্লিনিক বন্ধ করে দেয়: প্রধানমন্ত্রী

সুপ্রভাত ঢাকা প্রতিবেদক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০০১ থেকে ২০০৮ পর্যন্ত আমরা সরকারে ছিলাম না। ২০০১ সালে বিএনপি সরকার ক্ষমতায় এসে সব কমিউনিটি ক্লিনিক বন্ধ করে দেয়। আমারে শের মানুষ প্রাথমিক যে স্বাস্থ্য সেবা পাবে সেই সুযোগটা বন্ধ হয়ে যায়। এর ফলে আমাদের জনসংখ্যা এবং স্বাস্থ্য ব্যবস্থায় স্থবিরতা নেমে আসে।
গত বুধবার (১৫ মে) হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'আইসিপিডি থার্টি গ্লোব্যাল ডায়ালগ অন ডেমোগ্রাফিক ডাইভার্সিটি অ্যান্ড সাসটেইনেবল ডেভলডমেন্ট' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
প্রধানমন্ত্রী বলেন, ১৯৯৬ সালে দীর্ঘ সংগ্রামের পর আওয়ামী লীগ সরকার গঠন করে। আমরা দায়িত্ব নেওয়ার পর জাতির পিতার নেওয়া পক্ষেপ অনুসরণ করে সকলের জন্য প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে নতুন জাতীয় স্বাস্থ্যনীতি প্রণয়ন করি। বিশেষ করে মা ও শিশুর স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য, তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা পৌঁছানোর জন্য সারা শে ১৮ হাজার কমিউনিটি ক্লিনিক স্থাপন কাজ শুরু করি। সেই সময় জাতীয় পুষ্টি কর্মসূচি গ্রহণ করি। নারী উন্নয়ন ও ক্ষমতায়নে আমরা বিশেষ উদ্যোগ গ্রহণ করি। নারী শিক্ষা বিস্তার এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে তাদের অংশগ্রহণ করার ক্ষেত্রে ছিল আমাদের আন্তরিক প্রয়াস।
তিনি আরও বলেন, জাতির পিতার নির্দেশে '৭৩-৭৮ সাল পর্যন্ত প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জনস্বাস্থ্য ব্যবস্থাপনার ওপর সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়। তিনি একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন ন্যাশনাল কাউন্সিল কমিশন গঠন করেন। জাতির পিতাকে হত্যা করার পরে এশে অগণতান্ত্রিক সরকার ক্ষমতায় আসে। এরপর সমস্ত অর্জনগুলো একে একে নষ্ট করে দেওয়া হয়।
তিনি বলেন, ২০০৯ সালে জনগণের বিপুল ভোটে নির্বাচিত হয়ে পুনরায় সরকার পরিচালনার দায়িত্বে আসার পর আমরা

৭-এর পাতায় দেখুন

## দুই দেশের সম্পর্ক আরও সুদৃঢ় করতে ডোনাল্ড লুর সঙ্গে আলোচনা হয়েছে : পরিবেশমন্ত্রী

সুপ্রভাত ঢাকা প্রতিবেদক



বাংলাশে-যুক্তরাষ্ট্রের মধ্যে সম্পর্ক কীভাবে আরও সুঢ় করা যায়, তা নিয়ে দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লুর সঙ্গে আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী।
গত বুধবার (১৫ মে) সকালে সচিবালয়ে সাবের হোসেন চৌধুরীর সঙ্গে সাক্ষাৎ করেন ডোনাল্ড লু। বৈঠক শেষে প্রথমে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। পরে

৭-এর পাতায় দেখুন

### হাউজে কাওসার
## জান্নাতের একটি বিশেষ ঝর্ণাধারা

বিশেষ প্রতিবেদক



হাউজে কাওসার জান্নাতের একটি বিশেষ প্রস্রবণ। এর পানি হবে সবচেয়ে বেশি মিষ্টি ও তৃপ্তিকর। হাশরের ময়দানে হাউজে কাওসারের পানি পানকারীই বেশি হবে। এর দ্বারা জান্নাতে বিদ্যমান একটি নদী বা ঝরণাধারাকে বোঝানো হয়। নবীজী হাউজে কাওসার সম্পর্কে কী বলেছেন? এ সম্পর্কে ইসলামের দিকনির্দেশনাই বা কী?
ইসলামী বিশ্বাস মতে, 'কেয়ামতের দিন সবাইকে যখন ওঠানো হবে তখন জেগে ওঠার পর সবাই

৭-এর পাতায় দেখুন

## শুক্রবারও চলবে মেট্রোরেল!

সুপ্রভাত ঢাকা প্রতিবেদক



দেশের প্রথম বিদ্যুৎচালিত দ্রুতগতির গণপরিবহন মেট্রোরেল বর্তমানে সপ্তাহে শুক্রবার ছাড়া ৬ দিন নিয়মিত চলাচল করছে। তবে যাত্রী চাহিদার পরিপ্রেক্ষিতে এটি শুক্রবারও চালানোর প্রস্তুতি নিচ্ছে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)। ফলে অল্প কিছুদিনের মধ্যে যাত্রীরা সপ্তাহে ৭ দিনই মেট্রোরেলে ভ্রমণ করতে পারবেন বলে জানা গেছে। ডিএমটিসিএলের দায়িত্বশীল সূত্র জানিয়েছে,

৭-এর পাতায় দেখুন




শেষের পাতা

সাপ্তাহিক সুপ্রভাত ঢাকা

সত্যের পথে, দেশের স্বার্থে

সোমবার ॥ ৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বাংলা ॥ ২০ মে ২০২৪

# বিএনপির দু'কূল হারানো নেতাদের ভাগ্যে কী আছে?

**বিশেষ প্রতিনিধি**

বর্তমান আওয়ামী লীগ সরকারের অধীনে কোনো নির্বাচনে না যাওয়ার সিদ্ধান্তে অটল বিএনপি। সবশেষ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেয়নি দলটি। এমনকি সিটি করপোরেশন ও উপজেলার মতো স্থানীয় সরকার নির্বাচনেও দলটি ছিল ভোটবিমুখ। যদিও দলের সিদ্ধান্ত উপেক্ষা করে সদ্য অনুষ্ঠিত প্রথম ধাপের ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে অংশ নেন বিএনপির অনেক নেতা। এ কারণে ১৪৪ নেতাকে বহিষ্কার করেছে দলটি।

বহিষ্কৃত এসব নেতার সাতজন নির্বাচনে বিজয়ী হলেও অধিকাংশই দুকূল হারিয়েছেন।

একদিকে দল থেকে বহিষ্কৃত হয়েছেন, অন্যদিকে জনপ্রতিনিধি হওয়ার স্বপ্নও ভেস্তে গেছে। এ অবস্থায় এসব নেতার দীর্ঘ রাজনৈতিক ক্যারিয়ার এখন প্রশ্নবিদ্ধ। তবে দলের কেউ কেউ এসব নেতাকে আজীবনের জন্য বহিষ্কারের কথা বললেও ফের দলে ফেরার প্রত্যাশা করছেন বহিষ্কৃতরা। তাদের অনেকে আশা করছেন, উপজেলা নির্বাচন শেষ হলে বহিষ্কারের সিদ্ধান্ত বিবেচনা করবে দল।

বহিষ্কৃত নেতাদের একাংশের ভাষ্য, দলীয় সিদ্ধান্ত লঙ্ঘন করায় বহিষ্কার, এটা সাংগঠনিক শাস্তি। দল নেতাকর্মীদের প্রতি কখনো অমানবিক হতে পারে না। আশা করছি, পরিস্থিতি অনুযায়ী দল বিবেচনা করবে।

তবে বিএনপির শীর্ষ নেতারা বলছেন, যারা দলের কথা শোনেননি তারা স্বাভাবিকভাবেই দল করার যোগ্যতা রাখেন না। তাদের নিয়ে এ মুহূর্তে দলের কোনো চিন্তাভাবনা নেই। সূত্রমতে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বর্জনের পর একই কমিশনের অধীনে স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিলে প্রশ্নবিদ্ধ হবে বিএনপির নৈতিকতা। এ কারণে দলীয়ভাবে কঠোর অবস্থান নেওয়া হয়েছে। এ নির্বাচন শেষ হলে দল পুনর্গঠন কার্যক্রম জোরদার করবে বিএনপি। দল পুনর্গঠন শেষে আন্দোলন জোরদার করা হবে। তখন বহিষ্কৃতদের বিষয়ে বিবেচনা করা হবে। বিধিবিধান অনুযায়ী স্থানীয় সরকার নির্বাচন নির্দলীয় হওয়ার কথা। কিন্তু রাজনৈতিক দলগুলোর পক্ষ থেকে দলীয়ভাবে মনোনয়ন দেওয়া এবং তথাকথিত 'বিদ্রোহী' প্রার্থীদের বহিষ্কার করায় এ নির্বাচন অনেকটাই দলীয় নির্বাচনে রূপ নিয়েছে। এখন পর্যন্ত ১৪৪ জনকে বহিষ্কার করেছে বিএনপি। প্রথম ধাপে দেশের ১৩৯ উপজেলায় ভোটগ্রহণ হয়েছে। এর মধ্যে ২৮ উপজেলায় প্রতিদ্বন্দ্বিতা করেছেন বিএনপির বহিষ্কৃতরা। নির্বাচিত হয়েছেন সাতজন।

- পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নেবে দল, আশা বহিষ্কৃতদের
- নির্বাচিত হয়েছেন বিএনপির সাত বহিষ্কৃত নেতা

**দলে ফেরা নিয়ে বহিষ্কৃতদের ভাবনা**

সিলেটের বিশ্বনাথ উপজেলায় ১৩ হাজার ৩২২ ভোট পেয়ে চেয়ারম্যান পদে নির্বাচিত হয়েছেন জেলা বিএনপির সহ-সভাপতির পদ থেকে বহিষ্কৃত মোহাম্মদ সুহেল আহমদ চৌধুরী। দলে ফেরার বিষয়ে সুহেল আহমদ চৌধুরী বলেন, দলীয় কর্মকাণ্ডে জড়িত থাকবো। দল সুযোগ দিলে অবশ্যই কেন্দ্রে যোগাযোগ করে নিজেকে সাংগঠনিক কার্যক্রমে যুক্ত করবো।

● ৭-এর পাতায় দেখুন



## রাজশাহীর আম নিতে আগ্রহী ভারত-চীন-রাশিয়া-বেলারুশ

**রাজশাহী প্রতিনিধি**

কৃষিমন্ত্রী ড. আব্দুস শহীদ বলেছেন, 'কৃষিপণ্য নিয়ে সিন্ডিকেট যেন না হয় সে জন্য সবাইকে সতর্ক থাকতে হবে। চাষি আমের সঠিক মূল্য যেন পান এবং ভোক্তা যেন ন্যায্যমূল্যে আমসহ কৃষিপণ্য পান সেদিকে সবাইকে নজর রাখতে হবে। শুক্রবার (১৭ মে) দুপুরে রাজশাহীর গোদাগাড়ী উপজেলার কুমরপুর গ্রামে আম বাগান পরিদর্শন ও কৃষকদের সঙ্গে মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। সভায় প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী ড. আব্দুস শহীদ বলেন, 'ভারত, চীন, রাশিয়া ও বেলারুশ রাজশাহীর আম নিতে আগ্রহী। দ্রুতই চীনের একটি প্রতিনিধি দল রাজশাহীর আম দেখতে আসবে। আমরা বেশি পরিমাণে আম রফতানির চেষ্টা করছি। তাই দলটির সঙ্গে ঠিকমতো কথা বলে আমের সঠিক মূল্য নির্ধারণ করতে হবে।' এ ক্ষেত্রে কিছু কর্মকর্তাকে নির্দেশনা দেন তিনি। তিনি বলেন, 'আম

● ৭-এর পাতায় দেখুন

## 'দেখা হয় নাই চক্ষু মেলিয়া'...

*প্রকৃতির অপরূপ লীলাভূমি আমাদের এই বাংলাদেশ। এ দেশের সবুজ সমতল থেকে মনোরম পার্বত্য অঞ্চল, সাগর সৈকত আর গহিন অরণ্যসহ সর্বত্র ছড়িয়ে আছে অজস্র পর্যটন কেন্দ্র। দেখা অদেখা নিজের দেশকে জানার চেষ্টা থেকেই এই লেখার অবতারণা।*




### ঐতিহ্যের শীতল পাটি

**শ্যামল দত্ত**

'আমার বাড়ি যাইও বন্ধু, বসতে দেব পিঁড়ে
জলপান করতে দেব শালি ধানের চিঁড়ে।'...

কিন্তু এ কোনো পিঁড়ি নয়, এর নাম পাটি, শীতলপাটি। এ দেশের চিরায়ত সংস্কৃতির সাথে শীতলপাটির ঐতিহ্য দীর্ঘদিনের।

শীতলপাটি এক ধরনের মেঝেতে পাতা আসন। এটি বাংলাদেশের একটি ঐতিহ্যগত কুটির শিল্প। দেশে এবং দেশের বাইরে হস্তশিল্প হিসাবে শীতলপাটির যথেষ্ট কদর রয়েছে। এর বৈজ্ঞানিক নাম Schumannianthus dichotomus। শীতলপাটি তৈরির প্রধান উপকরণ মুর্তা বা পাটি বেত। মুর্তা গাছ দেখতে সরু বাঁশের মতো। এর গোড়া থেকে কেটে পানিতে ভিজিয়ে রাখা হয়। মুর্তার কাণ্ড দা দিয়ে চেঁছে পাতা ও ডাল-পালা ফেলে দেয়া হয়। এরপর বটিতে মুর্তার কাণ্ড চিড়ে লম্বালম্বি ফালি বের করা হয়। মুর্তার ছাল থেকে যতটা সম্ভব সরু ও পাতলা 'বেতী' তৈরি করে নেয়া হয়। বেতী যত সরু ও পাতলা হবে পাটি তত নরম ও মসৃণ হবে।

শীতলপাটির জন্য সিলেট বিশেষভাবে বিখ্যাত। এছাড়াও বরিশাল, টাঙ্গাইল, কুমিল্লা ও লক্ষ্মীপুর অঞ্চলে মুর্তা গাছ জন্মে। এসব জেলাতেও শীতলপাটি

● ৭-এর পাতায় দেখুন

## ১৮তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা জুলাইয়ে

**সুপ্রভাত ঢাকা প্রতিবেদক**

১৮তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষার ফল বুধবার (১৫ মে) সন্ধ্যায় প্রকাশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। এতে উত্তীর্ণ হয়েছেন ৪ লাখ ৭৯ হাজার ৯৮১ জন প্রার্থী।

প্রিলিমিনারি পরীক্ষায় উত্তীর্ণ চাকরিপ্রার্থীরা লিখিত পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ পাবেন। তাদের এ লিখিত পরীক্ষা হতে পারে ঈদুল আজহার পর অর্থাৎ, জুলাই মাসের শুরুতে। এনটিআরসিএর সচিব ওবায়দুর রহমান এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, প্রিলিমিনারিতে উত্তীর্ণদের লিখিত পরীক্ষা জুন মাসে নেওয়ার পরিকল্পনা ছিল। তবে প্রশ্ন ছাপানোর কাজ আমরা যথাযথ সময়ে শুরু করতে পারিনি। এ কারণে লিখিত পরীক্ষায় আগামী জুলাই মাসে অনুষ্ঠিত হবে।

এদিকে, বুধবার (১৫ মে) সন্ধ্যায় প্রকাশিত ফলাফলে দেখা গেছে, শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষায় নির্ধারিত নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছেন ৪ লাখ ৭৯ হাজার ৯৮১ জন। এর মধ্যে স্কুল-২ পর্যায়ের ২৯ হাজর ৫১৯ জন, স্কুল পর্যায়ের

● ৭-এর পাতায় দেখুন



## বন্ধুত্বের ৪০ বছরে 'ক্যাডেটস ৮৪'

**সুপ্রভাত ঢাকা প্রতিবেদক**

'হায় মাঝে হলো ছাড়াছাড়ি গেলেম কে কোথায়
আবার দেখা যদি হলো সখা প্রাণের মাঝে আয়'...

কবিগুরুর গানের মতোই যেন মিলনমেলা বসেছিল রাজধানীর বিজয় সরণিতে বঙ্গবন্ধু সামরিক জাদুঘরে। ১৯৮৪ সালে দেশের প্রথম ১০টি ক্যাডেট কলেজের ক্যাডেটরা বন্ধুত্বের ৪০ বছরের মিলনমেলায় মিলিত হয়েছিলেন শুক্রবার (১৭ মে)। এই মহামিলনের আয়োজন করে 'ক্যাডেটস ৮৪' নামে বন্ধু সংগঠন। বিশ্বজুড়ে ৫৫১ জন বন্ধুর প্রতি রইলো অকৃত্রিম ভালোবাসা।

বিকাল থেকে শুরু হওয়া আনন্দঘন এই মিলনমেলা চলে রাত ১০টা পর্যন্ত। দেশের প্রথম চালু হওয়া ১০টি ক্যাডেট কলেজ রংপুর, রাজশাহী, পাবনা, ঝিনাইদহ, বরিশাল, ফৌজদারহাট, কুমিল্লা, সিলেট ও মির্জাপুর ক্যাডেট কলেজের সঙ্গে ছিলেন দেশের প্রথম মেয়েদের জন্য ক্যাডেট কলেজ ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের সাবেক ক্যাডেটরা। 'ক্যাডেটস ৮৪'র এই মিলনমেলায় মিডিয়া পার্টনার ছিল *জিএস নিউজ বিডি.কম ও সাপ্তাহিক সুপ্রভাত ঢাকা*।

জমকালো এই মিলনমেলায় সাবেক ক্যাডেটরা কেক কাটা, হারিয়ে যাওয়া বন্ধুদের স্মরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, স্মৃতিচারণ, র‍্যাফেল ড্রসহ নানা আয়োজনে বারবার যেন ফিরে যাচ্ছিলেন ফেলে আসা জীবনের সেই দিনগুলোতে। তাঁরা জানান,

● ৭-এর পাতায় দেখুন

## চেয়ারম্যান পদে স্বামী-স্ত্রীর লড়াই

**ফরিদপুর প্রতিনিধি**

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের তৃতীয় ধাপে ফরিদপুরের ভাঙ্গায় চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন স্বামী-স্ত্রী। ১৩ মে প্রতীক বরাদ্দ পেয়ে স্বামী প্রচারণা শুরু করলেও স্ত্রীর প্রচারণা সেভাবে চোখে পড়েনি। স্বামীর নাম মোখলেসুর রহমান সুমন এবং তার স্ত্রী লোপা রহমান। সুমন উপজেলা আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী ও কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগের সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক। তিনি ভাঙ্গা উপজেলার আজিমনগর ইউনিয়নের ঈশ্বরদী গ্রামের হাজী ইরফান উদ্দিন মাতুব্বরের ছেলে। তার নির্বাচনী প্রতীক ঘোড়া। আর স্ত্রী লোপা রহমান চান্দ্রা ইউনিয়নের পুলিয়া মণ্ডলবাড়ি গ্রামের রাধেশ্যাম মণ্ডলের মেয়ে। তিনি আনারস প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করছেন। আগামী ২৯ মে ভাঙ্গা উপজেলায়

● ৭-এর পাতায় দেখুন

## ভ্রমণ ভিসায় বেনাপোল দিয়ে ৩ দিন ভারতে প্রবেশ বন্ধ

**বেনাপোল প্রতিনিধি**

আজ (২০ মে) থেকে ভারতের পশ্চিমবঙ্গ জেলার লোকসভা নির্বাচনের ভোটগ্রহণ শুরু হচ্ছে। নির্বাচনে আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে ভ্রমণ ভিসার যাত্রী যাতায়াত তিন দিন বন্ধ রেখেছে ভারতীয় কর্তৃপক্ষ।

গত শনিবার (১৮ মে) সকাল থেকে লোকসভা নির্বাচনের দিন আজ সন্ধ্যা পর্যন্ত ভ্রমণ ভিসার পাসপোর্টধারী যাত্রীদের ভারতে প্রবেশ বন্ধ করেছে ভারতীয় ইমিগ্রেশন। এ সংক্রান্ত একটি নির্দেশনা চিঠির মাধ্যমে শুক্রবার (১৭ মে) বাংলাদেশের বেনাপোল ইমিগ্রেশন চেকপোস্ট কর্তৃপক্ষকে জানিয়েছে। তবে জরুরি চিকিৎসার জন্য বাংলাদেশি পাসপোর্টধারী রোগীরা মেডিক্যাল ভিসায় ভারতে প্রবেশ করতে পারবেন।

এদিকে বাংলাদেশের যশোরের শার্শা উপজেলা পরিষদ নির্বাচন

● ৭-এর পাতায় দেখুন

### প্রশংসায় ভাসছেন অদম্য পুলিশ কনস্টেবল

## ৫৭ বছর বয়সে এসএসসি পাস!

**বগুড়া প্রতিনিধি**



*৫৭ বছর বয়সে এসএসসি পাস করায় পুলিশ কনস্টেবল আব্দুস সামাদকে ফুলেল শুভেচ্ছা জানান সহকর্মীরা*

মানুষ তার স্বপ্নের সমান বড়। আর স্বপ্নকে জয় করার ইচ্ছেটা যখন প্রবল হয়, তখন বয়স কেবল সংখ্যা মাত্র। তাই যেন প্রমাণ করলেন ৫৭ বছর বয়সী বগুড়া ট্রাফিক পুলিশের কনস্টেবল আব্দুস সামাদ। জীবনের পড়ন্ত বেলায় এসে ঘোচালেন এসএসসি পাশ না করার আক্ষেপ। রোববার (১২ মে) প্রকাশিত ফলাফলে ৪.২৫ জিপিএ পেয়েছেন এই পুলিশ সদস্য।

সামাদ জানান, নিম্নবিত্ত পরিবারে বাবা-মাকে কিছুটা স্বস্তি দিতে অষ্টম শ্রেণি পাস করে ১৯৮৭ সালের ১০ অক্টোবর যোগদান করেন বাংলাদেশ পুলিশে। ৩৭ বছরের চাকরি জীবনে পরিবারের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করেছেন, ভাই-বোনদের মানুষ করেছেন। বিয়ের পর দুই ছেলে আর এক মেয়েকেও লেখাপড়া করিয়েছেন। তবে সংসারের দায়িত্ব পালন করতে গিয়ে নিজের পড়াশুনার সুপ্ত ইচ্ছা ধামাচাপা পড়েছে। তবে চাকরি থেকে অবসরের দুই বছর দশ মাস আগে সেই অবদমিত ইচ্ছাকে দিয়েছেন বাস্তবরূপ।

সামাদ বলেন, 'আমার পরিবারে সবারই শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট আছে। শুধু আমিই এসএসসি পাস ছিলাম না। অবসরের পর হোমিওপ্যাথিক

● ৭-এর পাতায় দেখুন

জেলা ও উপজেলা প্রতিনিধি প্রয়োজন

সাপ্তাহিক সুপ্রভাত ঢাকা — সত্যের পথে, দেশের স্বার্থে

*সাপ্তাহিক সুপ্রভাত ঢাকা*র জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিনিধি প্রয়োজন। আগ্রহীরা ছবি, জাতীয় পরিচয়পত্র ও জীবন-বৃত্তান্তসহ আবেদন করুন। স্থানীয় প্রেস ক্লাবের সদস্যপদ থাকা বাঞ্ছনীয়।

ফোন : ০১৯০৫৫৯৬৩০৪

GS NEWS bd.com

দেশের উন্নয়নে মানুষের কল্যাণে

জিএস নিউজ দেখুন
সময়ের সাথে থাকুন

জিএস নিউজ বিডি.কম দেখার লিংক
https://gsnewsbd.com/




উপদেষ্টা: **বীর মুক্তিযোদ্ধা তাপস সরকার,** উপদেষ্টা সম্পাদক: **দিলদার হোসেন,** সম্পাদক: **শ্যামল দত্ত,** নির্বাহী সম্পাদক: **এস এম হোসেন বাবলা**। প্রকাশক: **মো. মাসুদ আলম** কর্তৃক রশিদ প্রিন্টিং প্রেস, ২৮/বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত। ৪৭ নাসা হাইটস, গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা থেকে প্রকাশিত। মোবাইল: +৮৮০১৯০৫-৫৯৬৩০০, **ই-মেইল:** info@shuprobhatdhaka.com, gsnews.country@gmail.com **ওয়েবসাইট:** https://shuprobhatdhaka.com

সাপ্তাহিক সুপ্রভাত ঢাকা
সত্যের পথে, দেশের স্বার্থে

# কুরআনুল কারীম ও সহীহ হাদীসের আলোকে হজ্ব ও উমরার গুরুত্ব ও ফযীলত



মুফতি খান মুহাম্মাদ আরিফ

(পর্ব-২)

৩. সর্বোত্তম আমল হজ্বে মাবরূর...
হযরত আবু হুরায়রা রা. হতে বর্ণিত, তিনি বলেন-
নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হল, সর্বোত্তম আমল কোনটি? তিনি বললেন, আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি ঈমান আনা। জিজ্ঞাসা করা হল, তারপর কোনটি? তিনি বললেন, আল্লাহর পথে জিহাদ করা। জিজ্ঞাসা করা হল, তারপর কোনটি? তিনি বললেন, হজ্বে মাবরূর বা কবুল হজ্ব।-সহীহ বুখারী, হাদীস : ২৬; সহীহ মুসলিম, হাদীস : ৮৩; মুসনাদে আহমদ, হাদীস : ৭৫৯০; সুনানে তিরমিযী, হাদীস : ১৬৫৮; সহীহ ইবনে হিব্বান, হাদীস : ১৫৩; মুসান্নাফে আবদুর রাযযাক, হাদীস : ২০২৯৬; শুআবুল ঈমান, বায়হাকী, হাদীস : ৪২১১
হযরত মায়িয রা. হতে বর্ণিত, তিনি বলেন-
নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হল, কোন আমল সর্বোত্তম? তিনি বললেন, এক আল্লাহ তাআলার প্রতি ঈমান আনা। তারপর জিহাদ করা। অতপর কবুল হজ্ব অন্যান্য আমল হতে এত উৎকৃষ্ট ও মর্যাদাপূর্ণ যেরূপ সূর্যের উদয়াচল হতে অস্তাচলের ব্যবধান।-মুসনাদে আহমদ, হাদীস : ১৯০১০; তবারানী ২০/৮০৯; মাজমাউয যাওয়াইদ, হাদীস : ৫২৬৩
এ সম্পর্কিত অন্য একটি দীর্ঘ হাদীসে বর্ণিত হয়েছে, হযরত আমর ইবনে আবাসা রা. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-
অতপর এমন দুটি আমল, যা অন্য সকল আমল হতে শ্রেষ্ঠ। তবে যে ব্যক্তি তার অনুরূপ আমল করে তা ব্যতীত : মকবুল হজ্ব অথবা মকবুল উমরা।-মুসনাদে আহমদ, হাদীস : ১৭০৭; মুসান্নাফ আবদুর রাযযাক, হাদীস : ২০১০৭; মাজমাউয যাওয়াইদ, হাদীস : ৫২৬১
৪. নারী, বৃদ্ধ, দুর্বল ব্যক্তি ও শিশুদের জিহাদ হল হজ্ব ও উমরাহ
উম্মুল মুমিনীন হযরত আয়েশা সিদ্দিকা রা. হতে বর্ণিত, তিনি বলেন-.
ইয়া রাসূলাল্লাহ! আমরা তো জিহাদকে সর্বোত্তম আমল মনে করি। আমরা কি জিহাদ করব না? তিনি বললেন, না। বরং তোমাদের নারীদের জন্য সর্বোত্তম জিহাদ হল হজ্বে মাবরূর।-সহীহ বুখারী, হাদীস : ১৫২০; মুসনাদে আহমদ, হাদীস : ২৪৪২২; সুনানে নাসায়ী, হাদীস : ৩৬০৭; সহীহ ইবনে হিব্বান, হাদীস : ৩৭০২; মুসনাদে আবু ইয়ালা, হাদীস : ৪৭১৭; শরহু মুশকিলিল আছার, হাদীস : ৫৬০৯
অন্য বর্ণনায় রয়েছে-
হযরত আয়েশা সিদ্দিকা রা. বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমরা কি আপনাদের সাথে জিহাদ করব না? তিনি বললেন, তোমাদের জন্য সবচেয়ে সুন্দর ও উত্তম জিহাদ হল হজ্বে মাবরূর। আয়েশা রা. বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাললাম থেকে এ কথা শুনার পর হতে আমি হজ্ব ছাড়িনি।-সহীহ বুখারী, হাদীস : ১৮৬১; মুসনাদে আহমদ, হাদীস : ২৪৪৯৭; সুনানে কুবরা, বায়হাকী ৪/৩২৬
হযরত আবু হুরায়রা রা. হতেও বর্ণিত, রাসূলুল্লাহ সাললাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-
বৃদ্ধ, দুর্বল ও নারীর জিহাদ হল হজ্ব ও উমরা।-মুসনাদে আহমদ, হাদীস: ৯৪৫৯; মুসান্নাফ আবদুর রাযযাক, হাদীস : ৯৭০৯; সুনানে নাসায়ী ৫/১১৩; তবারানী আওসাত, হাদীস : ৮৭৪৬; সুনানে কুবরা, বায়হাকী ৪/৩৫০
হযরত হুসাইন বিন আলী রা. হতে বর্ণিত, তিনি বলেন-
এক ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললেন, আমি ভীরু ও দুর্বল (জিহাদে যাওয়ার শক্তি-সামর্থ্য নেই)। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি অস্ত্র ও শত্রুর সাথে লড়াইবিহীন জিহাদ-হজ্ব পালন করতে এস।-মুসান্নাফ আবদুর রাযযাক, হাদীস : ৮৮০৯; তবারানী, হাদীস : ২৯১০; সুনানে সাঈদ ইবনে মনসূর, হাদীস : ২৩৪২; মাজমাউয যাওয়াইদ, হাদীস : ৫২৫৮
৫. হজ্ব ও উমরাকারীর দুআ কবুল করা হয়
হযরত জাবির রা. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-
হজ্ব ও উমরাকারীগণ আল্লাহর প্রতিনিধি দল। তারা দুআ করলে তাদের দুআ কবুল করা হয় এবং তারা কিছু চাইলে তাদেরকে তা দেওয়া হয়।-মুসনদে বাযযার, হাদীস : ১১৫৩; মাজমাউয যাওয়াইদ, হাদীস : ৫২৮৮; তবারানী, হাদীস : ১৭২১
হযরত ইবনে ওমর রা. হতেও বর্ণিত, তিনি বলেন নবী করীম সাললাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-
আল্লাহর রাস্তায় জিহাদকারী (গাযী), হজ্ব ও উমরা আদায়কারীগণ আল্লাহর প্রতিনিধি দল। তারা দুআ করলে দুআ কবুল করা হয় এবং তারা কিছু চাইলে তাদেরকে তা দেওয়া হয়।-সুনানে ইবনে মাজাহ, হাদীস : ২৮৯৩; সহীহ ইবনে হিব্বান, হাদীস : ৪৬১৩
আবু হুরায়রা রা. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-
তিন প্রকারের লোক আল্লাহ তাআলার প্রতিনিধি :
১/গাযী,
২/হজ্ব
৩/উমরাকারী।-সহীহ ইবনে হিব্বান, হাদীস : ৩৬৯২; সহীহ ইবনে খুযাইমা, হাদীস : ২৫১১; মুসতাদরাকে হাকেম, হাদীস : ১৬৫৩; সুনানে নাসায়ী ৫/১১৩; সুনানে কুবরা, বায়হাকী ৫/২৬২
৬. হাজীদের গুনাহ মাফ হয় এবং তারা যাদের গুনাহ ক্ষমা চায় তাদেরকে মাফ করা হয়
আবু হুরায়রা রা. বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-
আল্লাহ তাআলা হাজীদের গুনাহ ক্ষমা করেন এবং হাজী যাদের জন্য ক্ষমা প্রর্থনা করেন, তাদেরকেও ক্ষমা করেন। -মুসনাদে বাযযার, হাদীস : ১১৫৫; তবারানী সগীর, হাদীস : ১০৮৯; সহীহ ইবনে খুযাইমা, হাদীস : ২৫১৬; মুসতাদরাকে হাকেম, হাদীস : ১৬৫৪
অন্য এক বর্ণনায় রয়েছে, হজ্ব ও উমরাকারীগণ যখন দুআ করে, তাদের দুআ কবুল করা হয়। তারা যখন কারো জন্য ক্ষমা প্রার্থনা করে তাদেরকে ক্ষমা করা হয়। -সুনানে ইবনে মাজাহ, হাদীস : ২৮৯২; সুনানে নাসায়ী, ৫/১১৩
৭. হজ্ব ও উমরার জন্য খরচ করার ফযীলত
হযরত আয়েশা সিদ্দিকা রা. হতে বর্ণিত-
রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমরা করার সময় তাকে তার উমরা সম্পর্কে বলেছেন, তুমি তোমার পরিশ্রম ও খরচ অনুপাতে নেকি পাবে।-মুসতাদরাকে হাকিম, হাদীস : ১৭৭৬; সুনানে দারাকুতনী, ২/২৮৬
উম্মাহাতুল মুমিনিন হযরত আয়েশা সিদ্দিকা রা. হতে অন্য এক বর্ণনায় এসছে রাসুলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন তুমি তোমার উমরার সওয়াব তোমার খরচ অনুপাতে পাবে।-মুসতাদরাকে হাকিম, হাদীস : ১৭৭৭; সুনানে দারাকুতনী, ২/২৮৬
হযরত বুরাইদা রা. হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন-
হজ্বের জন্য খরচ করা, আল্লাহর রাস্তায় খরচ করার মতই, যার সওয়াব সাতশ গুণ পর্যন্ত বৃদ্ধি পায়।-মুসনাদে আহমাদ, হাদীস : ২৩০০০; শুয়াবুল ঈমান বাইহাকী, হাদীস : ৪১২৫; তবারানী আউসাত, হাদীস : ৫২৭০
অন্য বর্ণনায় রয়েছে, হযরত আনাস রা. হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাললাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-
হজ্ব হল আল্লাহর রাস্তা। তাতে (আল্লাহর রাস্তায়) এক দিরহাম খরচের সওয়াব সাতশ গুণ পর্যন্ত বৃদ্ধি পায়।-তবারানী, আউসাত, হাদীস : ৫৬৯০
হযরত জাবির রা. রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন-
কোন হজ্বকারী ব্যক্তি নিঃস্ব হয় না। জাবের রা.কে ইমআর শব্দের উদ্দেশ্য কী জিজ্ঞেস করা হলে তিনি বলেন, অভাব-অনটন। -মুসনাদে বাযযার, হাদীস : ১০৮০; তবারানী আউসাত, হাদীস : ৫২০৯
হযরত ইবনে ওমর রা. বলেন, আমি নবী কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি-
হজ্বে গমনকারী ব্যক্তির উট চলার পথে যখনই পা উঠায় এবং পা রাখে এর বিনিময়ে আল্লাহ তাআলা ঐ হজ্ব কারীদের জন্য সওয়াব লিখে দেন। অথবা তার একটি করে গুনাহ মুছে দেন অথবা তার একটি করে মর্যাদা বৃদ্ধি করে দেন।
৮. হজ্ব ও উমরা পালনকালে মৃত্যুবরণকারীর ফযীলত
হযরত ইবনে আব্বাস রা. হতে বর্ণিত-
এক ব্যক্তি আরাফাতের ময়দানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে উফূরত ছিলেন। হঠাৎ তিনি বাহন থেকে নীচে পড়ে গেলেন। এতে তার ঘাড় মটকে গেল এবং তিনি মারা গেলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে বড়ইপাতা সিদ্ধকরা পানি দিয়ে গোসল দাও, তার দুই কাপড় দিয়ে তাকে কাফন পরাও। তাকে সুগন্ধি লাগিও না এবং তার মাথাও আবৃত করো না। কেননা তাকে কিয়ামতের দিন তালবিয়া(হজ্বের তাকবীর) পাঠরত অবস্থায় উঠানো হবে।-সহীহ বুখারী, হাদীস : ১২৬৭; সহীহ মুসলিম, হাদীস : ১২০৬; সুনানে তিরমিযী, হাদীস : ৯৫১; সুনানে ইবনে মাজাহ, হাদীস : ৩০৮৪
হযরত আবু হুরায়রা রা. হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাললাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-
যে ব্যক্তি হজ্বের উদ্দেশ্যে বের হল, অতঃপর মৃত্যুবরণ করল, কিয়ামত পর্যন্ত তার হজ্বের সওয়াব লেখা হবে। আর যে ব্যক্তি উমরার উদ্দেশ্যে বের হল, আর সে অবস্থায় তার মৃত্যু হল কিয়ামত পর্যন্ত তার জন্য উমরার সওয়াব, লেখা হবে। যে ব্যক্তি জিহাদের উদ্দেশ্যে বের হল, এবং তাতে তার মৃত্যু হল, কিয়ামত পর্যন্ত তার জন্য মুজাহিদের সওয়াব লেখা হবে।-মুসনাদে আবু ইয়ালা, হাদীস : ৬৩৫৭; তবারানী আউসাত, হাদীস : ৫৪৮০; মাজমাউয যাওয়ায়েদ, হাদীস : ৫২৭৪ (চলবে)

*লেখক: ইসলামিক কলামিস্ট, গোল্ডস্যান্ডস গ্রুপ*

# হোটেল ব্যবসায় বিনিয়োগ করে আপনি কেন লাভবান হবেন?

তাজউদ্দিন পলাশ

বিশ্বব্যাপী বিনিয়োগকারীরা বিলাসবহুল খাতে তাদের দৃষ্টি নিবদ্ধ করছেন। বিলাসবহুল হোটেলের উন্নত কর্মক্ষমতা এবং আকর্ষণীয় লাভ মার্জিন অত্যন্ত গুরুত্বপূর্ণ। উচ্চ মুনাফার কারণে বিলাসবহুল হোটেলের রিটার্ন ও সাম্প্রতিক ইতিহাসের তুলনায় অতুলনীয়।হোটেলের দীর্ঘায়ুর জন্য ডিজাইন করা হয়। অন্যান্য অনেক বিনিয়োগের বিপরীতে হোটেলগুলি কেবল রুম বুকিং থেকে নয় বরং বিভিন্ন পরিষেবা যেমনঃ রেস্টুরেন্ট এবং সুযোগ-সুবিধা থেকেও আয় করে। এই বৈচিত্র্যপূর্ণ রাজস্ব সিস্টেম দীর্ঘমেয়াদে একটি স্থির আয় প্রদান করতে পারে। তাই হোটেল বিনিয়োগ করে এই পর্যন্ত কেউ ক্ষতির সম্মুখীন হননি। আমরা যদি ঢাকা শহরের দিকে দেখি তাহলে ওয়েস্টিন, সোনারগাঁও, শেরাটন, রেডিসন এই সমস্ত হোটেল কখনো লস করে নাই বরং দিন দিন এর ইনকাম বাড়ছে। আর পর্যটন কেন্দ্রগুলোর তো কোনো কথাই নেই। সেখানে মানুষ ঠিকমতো থাকার জায়গা পর্যন্ত পায় না হোটেলেরঅভাবে।তাই কক্সবাজারে গোল্ডস্যান্ডস গ্রুপ দুইটি পাঁচ তারকা মানের হোটেল নির্মাণ করছে। সেগুলোতে বিনিয়োগ করতে পারেন, তাতে আপনার সম্পদের মূল্য বৃদ্ধি পাবে এবং রিটার্নও ভাল হবে। তাই এক কথায় বলা যায় ইনভেস্ট একবার, রিটার্ন বারবার।

**ল্যান্ড প্রকল্পে বিনিয়োগ কি লাভজনক?**
পরিসংখ্যান বলছে, রিয়েল এস্টেট হলো এমন এক বিনিয়োগ ক্ষেত্র, যেখানে সব থেকে নিরাপদে বিনিয়োগ করা সম্ভব এবং লাভও বেশি। মাটিতে বিনিয়োগ বিশ্বের প্রায় সব দেশেই লাভজনক হিসেবে পরিগণিত হয়। বর্তমান প্রেক্ষাপটে ল্যান্ড প্রকল্পে বিনিয়োগ করা হবে সঠিক সিদ্ধান্ত। ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য জমির বিনিয়োগ হচ্ছে সবচেয়ে নিরাপদ। সাধারণত জমির দাম কমে না বরং সময়ের সাথে সাথে বাড়তে থাকে। ভালো লোকেশনে সঠিক জমিটি কিনতে পারলে কিছুদিন পর আরও ভালো দামে বিক্রি করে লাভ করতে পারবেন। যেমন ঢাকার ভেতর বসুন্ধরা আবাসিক, গুলশান, বনানী, ধানমন্ডি এ সকল জায়গায় যারা বিনিয়োগ করেছেন তাদের আজ সোনায় সোহাগা। আর বর্তমান সময়ে গোল্ডস্যান্ডস গ্রুপ এর দুইটি প্রকল্পে বিনিয়োগ করে আপনি এই রকম লাভবান হতে পারেন। (১) আমিন সিটি পূর্বাচল (২) গোল্ড সিটি মাওয়া। তাই জমির ব্যবসায় বিনিয়োগ করে দেউলিয়া হওয়া বা বড় ধরনের অর্থনৈতিক বিপর্যয়ের আশংকা নেই। এছাড়াও ক্রয়কৃত জমি বন্ধক রেখে আপনি ব্যাংক লোন নিয়ে নতুন ব্যবসায় বিনিয়োগ করতে পারেন।

*লেখক: সিনিয়র ডিরেক্টর, গোল্ডস্যান্ডস গ্রুপ*

# এ সময়ের কৃষি

বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে উৎপাদিত উন্নত জাতের আমের মধ্যে বাণিজ্যিক ভিত্তিতে বাজারে আসে প্রায় ২৫ জাতের আম। এর মধ্যে অতি উন্নত জাতের আম রয়েছে মাত্র ১০টি। তবে অন্তত ১৫ থেকে ২০ জাতের বাণিজ্যসফল আম দেশের বিভিন্ন বাজারে পাওয়া যায়। এগুলোর মধ্যে সবচেয়ে বাণিজ্যসফল আমের জাত রয়েছে মাত্র ১০টি। বেশির ভাগ মানুষ ভালোভাবে চিনতে পারেন মাত্র দুই থেকে তিন জাতের আম। এগুলো হলো ফজলি, ল্যাংড়া ও আশ্বিনা।
অসাধু আম ব্যবসায়ীরা গাছ থেকে অপরিপক্ব আম নামিয়ে কারবাইড বা ওই জাতীয় রাসায়নিক প্রয়োগের দিকে বেশি মনোযোগী হন অধিক মুনাফার আশায়। এতে আম পেকে সুন্দর রং ধারণ করে। প্রাকৃতিকভাবে পাকা, ভেজালমুক্ত আম খাওয়ার জন্য মাত্র ৮ থেকে ১০ জাতের আম সঠিকভাবে চিনতে হবে, যেগুলো আমরা বেশি বেশি করে কিনি এবং খেয়ে থাকি। এই জাতের আমগুলো হচ্ছে গোপালভোগ, ক্ষিরসাপাতি, হিমসাগর, ল্যাংড়া, ফজলি, আশ্বিনা, আম্রপালি, লক্ষ্মণভোগ, রানিপছন্দ, হাঁড়িভাঙা ইত্যাদি। ভেজালমুক্ত থাকার জন্য এই আমগুলো মৌসুমের কোন মাসে, ঠিক কোন সময়ের মধ্যে প্রাকৃতিকভাবে পাকে, তা জানতে হবে।

| আমের নাম | কেনার সঠিক সময় | যে জেলায় জন্মে |
|---|---|---|
| গোবিন্দভোগ | ১৫ মে থেকে ৩০ মে পর্যন্ত | সাতক্ষীরা |
| গোপালভোগ | ২৫ মে থেকে ১০ জুন পর্যন্ত | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, দিনাজপুর ও সাতক্ষীরা |
| রানিপছন্দ | ১ থেকে ১৫ জুনের মধ্যে | চাঁপাইনবাবগঞ্জ ও রাজশাহী |
| ক্ষিরসাপাতি | ৭ থেকে ৩০ জুন পর্যন্ত | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ, দিনাজপুর, সাতক্ষীরা |
| নাক ফজলি | ৮ থেকে ২৫ জুন | চাঁপাইনবাবগঞ্জ |
| বোগলাগুটি | ১২ জুন থেকে ৭ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর |
| লক্ষ্মণভোগ | ১৫ জুন থেকে ১৫ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর |
| বোম্বাই | ১২ জুন থেকে ৫ জুলাই | মেহেরপুর, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা, চাঁপাইনবাবগঞ্জ |
| ল্যাংড়া | ১৫ জুন থেকে ১৫ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ ও সাতক্ষীরা |
| তোতাপুরি | ১৫ জুন থেকে ১০ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর |
| হাঁড়িভাঙা | ২০ জুন থেকে ৫ আগস্ট | রংপুরের মিঠাপুকুর ও বদরগঞ্জ উপজেলা |
| আম্রপালি | ২৮ জুন থেকে ২৫ জুলাই | সমগ্র বাংলাদেশ |
| সূর্যপুরী | ১ জুলাই থেকে ২০ জুলাই | বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও |
| সুরমা ফজলি | ৩০ জুন থেকে ৩০ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর |
| ফজলি | ৫ জুলাই থেকে ১৫ আগস্ট | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ, দিনাজপুর ও সাতক্ষীরা |
| বারি-৪ | ৭ জুলাই থেকে ২০ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী |
| মল্লিকা | ৭ জুলাই থেকে ৫ আগস্ট | রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ |
| মোহনভোগ | ৮ জুলাই থেকে ৩০ জুলাই | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর |
| আশ্বিনা | ২০ জুলাই থেকে ১৫ সেপ্টেম্বর | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, নাটোর, নওগাঁ |
| গৌরমতি | ২০ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর | চাঁপাইনবাবগঞ্জ |
| চৌষা | ১০ জুলাই থেকে ১০ আগস্ট | চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী |

## আন্তর্জাতিক

# নুসেইরাত শরণার্থী শিবিরে ইসরায়েলি হামলায় নিহত ১৭

আন্তর্জাতিক ডেস্ক

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা ভূখণ্ডের নুসেইরাত শরণার্থী শিবিরে হামলা চালিয়েছে ইসরায়েল। এতে কমপক্ষে ১৭ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও অনেকে।
এছাড়া উত্তর গাজার জাবালিয়া শরণার্থী শিবিরে ইসরায়েল বিমান হামলা চালানোর পর অন্তত ২৮ জন নিহত হয়েছেন। রোববার (১৯ মে) এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম আল জাজিরা। সংবাদমাধ্যমটি বলছে, নুসেইরাতের একটি বাড়িতে ইসরায়েলি হামলায় অন্তত ১৭ জন নিহত এবং আরও বহু মানুষ আহত হয়েছেন। ধ্বংসস্তূপের নিচে নিখোঁজ রয়েছেন আরও অনেকে। আল জাজিরা আরও জানিয়েছে, উত্তর গাজা উপত্যকায় ইসরায়েলি বিমান হামলায় অন্তত ২৮ ফিলিস্তিনি নিহত এবং কয়েক ডজন মানুষ আহত হয়েছেন। নিহতদের মধ্যে অনেক নারী ও শিশু রয়েছে।



এদিকে শনিবার গাজায় ইসরায়েলি হামলায় অন্তত ৬৪ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আল জাজিরা বলছে, ইসরায়েলি বাহিনী গাজা উপত্যকা জুড়ে আক্রমণ আরও জোরদার করেছে এবং শনিবার কমপক্ষে ৬৪ ফিলিস্তিনিকে হত্যা করেছে আমাদের সংবাদদাতারা জানিয়েছেন।
এর মধ্যে উত্তর গাজার কামাল আদওয়ান হাসপাতালের কাছে একটি আবাসিক ভবনে হামলায় ২৮ জন নিহত এবং আরও বহু মানুষ আহত হয়েছেন। এছাড়া উত্তর গাজার জাবালিয়া শরণার্থী শিবিরের একটি আশ্রয়কেন্দ্রের গেটে জড়ো হওয়া ফিলিস্তিনিদের ওপর হামলার ঘটনায় ১২ জন নিহত এবং আরও ২৫ জন আহত হয়েছেন।
জাবালিয়া শরণার্থী শিবিরের পশ্চিমে ফালুজাহতে পানির জন্য লাইনে দাঁড়ানো একদল লোকের ওপর ইসরায়েল আর্টিলারি হামলা চালালে আটজন নিহত এবং ১০ জন আহত হয়েছেন। এছাড়া মধ্য গাজার নুসেইরাত শরণার্থী শিবিরে হামলায় অন্তত পাঁচজন নিহত হয়েছেন।
দক্ষিণ গাজার খান ইউনিস শহরের একটি বাড়িতে হামলায় চারজন নিহত হয়েছেন। খান ইউনিসের পূর্বে অবস্থিত আবাসান আল-কাবিরা শহরের আল-ফারহিন এলাকায় হামলায় অন্তত তিনজন নিহত হয়েছেন।
উল্লেখ্য, গত ৭ অক্টোবর হামাসের নজিরবিহীন আন্তঃসীমান্ত হামলার পর থেকে ইসরায়েল গাজা উপত্যকায় অবিরাম বিমান ও স্থল হামলা চালিয়ে যাচ্ছে। ইসরায়েলি এই হামলায় হাসপাতাল, স্কুল, শরণার্থী শিবির, মসজিদ, গির্জাসহ হাজার হাজার ভবন ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়ে গেছে।
গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ইসরায়েলি এই আক্রমণের ফলে গত বছরের ৭ অক্টোবর থেকে এখন পর্যন্ত ৩৫ হাজার ৩৮৬ জন নিহত এবং আরও প্রায় ৮০ হাজার মানুষ আহত হয়েছেন।
মূলত ইসরায়েলি আক্রমণ গাজাকে ধ্বংসস্তূপে পরিণত করেছে। জাতিসংঘের মতে, ইসরায়েলের বর্বর আক্রমণের কারণে গাজার প্রায় ৮৫ শতাংশ ফিলিস্তিনি বাস্তুচ্যুত হয়েছেন। আর খাদ্য, বিশুদ্ধ পানি এবং ওষুধের তীব্র সংকটের মধ্যে গাজার সকলেই এখন খাদ্য নিরাপত্তাহীন অবস্থার মধ্যে রয়েছেন।
এছাড়া অবরুদ্ধ এই ভূখণ্ডের ৬০ শতাংশ অবকাঠামো ক্ষতিগ্রস্ত বা ধ্বংস হয়ে গেছে। ইসরায়েল ইতোমধ্যেই আন্তর্জাতিক বিচার আদালতে গণহত্যার অভিযোগে অভিযুক্ত হয়েছে।



# কিরগিজস্তানে সহিংসতা পরীক্ষা না দিয়েই ফিরবেন বাংলাদেশি শিক্ষার্থীরা

আন্তর্জাতিক ডেস্ক

কিরগিজস্তানে বিদেশি শিক্ষার্থীদের বিরুদ্ধে স্থানীয়দের সহিংসতা থেকে রক্ষা পেতে নিজ নিজ দেশের ছাত্রদের বাইরে না যেতে অনুরোধ করেছে ভারত এবং পাকিস্তান। দেশটিতে অবস্থিত ভারতীয় দূতাবাস সামাজিক যোগাযোগ মাধ্যমে এক পোস্টে জানিয়েছে, ঘটনার বিষয়ে তথ্য পাওয়ার মুহূর্ত থেকে, কিরগিজ আইন প্রয়োগকারী সংস্থাগুলো ঘটনার সঙ্গে জড়িত বিদেশি এবং কিরগিজ নাগরিক সবাইকেই আটক করার জন্য তাত্ক্ষণিক ব্যবস্থা নিয়েছে। পরিস্থিতি সম্পূর্ণ নিরাপত্তা বাহিনীর নিয়ন্ত্রণে। নাগরিকদের নিরাপত্তা এবং জনশৃঙ্খলা নিশ্চিত করা হয়েছে। কিরগিজ পুলিশ বলেছে, সহিংসতা দমন করার জন্য তারা রাজধানীতে বাহিনীকে একত্রিত করেছে। ড. জেরিট ইসলাম নামে বিশকেকের বাংলাদেশি ছাত্রদের এক প্রতিনিধি ঢাকার এক সংবাদমাধ্যমকে জানান, গত রাত থেকে আন্তর্জাতিক ছাত্রদের হোস্টেলে কোন বড় হামলা হয়নি, তবে স্থানীয় যুবকদের বিদেশিদের ভয় দেখানো এবং লুটপাটের কিছু খবর পাওয়া গেছে। তিনি আরও জানান জুনে যদিও তাদের সেমিস্টার ফাইনাল পরীক্ষা রয়েছে; নিরাপত্তার স্বার্থে তারা একত্রিত হয়ে চার্টার্ট ফ্লাইটে দেশে ফেরার পরিকল্পনা করছেন। এই ব্যপারে দূতাবাস তাদের সাহায্য করার প্রতিশ্রুতি দিয়েছে। সেমিস্টার ফাইনাল পরীক্ষা অনলাইনে দেওয়ার পরিকল্পনাও রয়েছে তাদের। এদিকে ছাত্রদের বিরুদ্ধে সহিংসতার একাধিক ঘটনার পর পাকিস্তানও আজ কিরগিজস্তানে থাকা পাকিস্তানি ছাত্রদের জন্য সতর্কতা জারি করেছে। পাকিস্তান বলেছে তারা সহিংসতায় ক্ষতিগ্রস্তদের জন্য জরুরি হটলাইন চালু করেছে।
সামাজিক যোগাযোগ মাধ্যমে দাবি করা হচ্ছে হামলায় ৩ পাকিস্তানি ছাত্র নিহত হয়েছে এবং বেশ কয়েকজন ছাত্রীকে ধর্ষণ করা হয়েছে, তবে পাকিস্তান সরকার বলছে এই ধরনের কোনো তথ্য তাদের কাছে নেই। এর আগে কিরগিজ রাজধানী বিশকেকে শত শত কিরগিজ জনতা ভারতীয়,পাকিস্তানি এবং বাংলাদেশি ছাত্রদের আবাসিক হলে হামলা চালায়। স্থানীয় সংবাদ মাধ্যম গুলো বলছে, সামাজিক যোগাযোগ মাধ্যমে গত ১৩ মে কিরগিজ এবং পাকিস্তানি-মিসরি ছাত্রদের মধ্যে মারামারির একটি ভিডিও ভাইরাল হলে স্থানীয় জনতা বিদেশি ছাত্রদের বিরুদ্ধে সহিংস হয়ে উঠে। সামাজিক যোগাযোগ মাধ্যমে একাধিক ভিডিওতে দেখাযায় সংঘবদ্ধ জনতা দরজা ভেঙে ঘরে ঢুকে বিদেশি ছাত্রদের পেটাচ্ছে।

# ইসরায়েলগামী অস্ত্রের জাহাজকে বন্দরে জায়গা দিল না স্পেন

আন্তর্জাতিক ডেস্ক

ইসরায়েলগামী অস্ত্র ও গোলাবারুদের একটি কার্গো জাহাজকে স্পেনের বন্দরে নোঙর করার অনুমতি দিতে অস্বীকৃতি জানিয়েছে দেশটির সরকার। বৃহস্পতিবার স্পেনের পররাষ্ট্রমন্ত্রী জোসে ম্যানুয়েল আলবারেস এ তথ্য নিশ্চিত করেছেন। ব্রাসেলসে এক সংবাদ সম্মেলনে আলবারেস বলেন, আমরা যখন নিশ্চিত হলাম ইসরায়েলগামী জাহাজটিতে অস্ত্র-গোলাবারুদ রয়েছে, তখনই সেটিকে বন্দরে ভেড়ার জন্য অনুমতি না দেওয়ার সিদ্ধান্ত নেই। স্পেন বিশ্বাস করে, মধ্যপ্রাচ্যের আর অস্ত্রের কোনো প্রয়োজন, সেখানে এখন প্রয়োজন শান্তির। তাই সম্প্রতি যে পদক্ষেপ আমরা নিয়েছি, ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে। ইসরায়েলগামী কোনো অস্ত্রবাহী জাহাজ আর কোনোদিন স্পেনের কোনো বন্দরে নোঙর করতে পারবে না। জেরুজালেম পোস্টসহ একাধিক আন্তর্জাতিক সংবাদমধ্যমের প্রতিবেদন থেকে জানযায়, ডেনমার্কের পতাকাবাহী সেই কার্গো জাহাজটি ভারতের তামিলনাড়ুর রাজ্যের চেন্নাই বন্দর থেকে অস্ত্র-গোলাবরুদের চালান নিয়ে ইসরায়েলের হাইফা বন্দরের উদ্দেশে রওনা হয়েছিল। জাহাজটিতে ২৭ টন অস্ত্র ও গোলাবারুদ ছিল। গালফ অব অ্যাডেনে হুতি বিদ্রোহিদের হামলার মুখে ইসরায়েল সংশ্লিষ্ট অধিকাংশ জাহাজ এই পথ এড়িয়ে চলছে। মারিয়ান ড্যানিকা নামের কার্গো জাহাজটিও সম্ভবত এই পথ এড়িয়ে ইসরায়েলের হাইফা বন্দরের উদ্দেশে যাত্রা করেছিল এবং যাত্রা পথে স্পেনের দক্ষিণপূর্বাঞ্চলীয় বন্দর কার্তেজেনায় নোঙ্গর করার অনুমতি চেয়েছিল। ইউরোপীয় দেশ গুলোর মধ্যে স্পেনই গাজায় ইসরায়েলি বাহিনীর অভিযানের বিরুদ্ধে সবচেয়ে দৃঢ় অবস্থান নিয়ে আসছে।

# গাজা থেকে তিন জিম্মির মরদেহ উদ্ধার

আন্তর্জাতিক ডেস্ক

গাজার উত্তরাঞ্চলের জাবালিয়া থেকে তিন জিম্মির মরদেহ উদ্ধার করেছে ইসরায়েলি বাহিনী। শুক্রবার (১৭ মে) এই তথ্য নিশ্চিত ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী।উদ্ধারকৃতরা হলেন শানি লুক, অমিত বুসকিলা এবং ইজহাক গেলেরেন্তার। ইসরায়েলের স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, মরদেহগুলো একটি সুড়ঙ্গের ভেতর থেকে উদ্ধার করা হয়। গত বছরের ৭ অক্টোবর ইসরায়েলে ঢুকে হামাসের হামলার দিনই নোভা মিউজিক ফ্যাস্টিভালে তাদের হত্যা করা হয়েছিল বলে মনে করা হচ্ছে। পরে তাদের মরদেহ গাজায় নিয়ে যাওয়া হয়। কয়েক দিন আগে পর্যন্ত, গেলেরেন্তার এবং বুস্কিলা উভয়কেই জীবিত আছেন বলে ধারণা করা হয়েছিল, তবে শানি লুকের অপহরণের ফুটেজ, পরে তার খুলির একটি টুকরো শনাক্ত করা হলে; তার মৃত্যু সম্পর্কে আগেই নিশ্চিত হওয়া গিয়েছিল।

# অনলাইনে আয় করতে গিয়ে ৭৫ লাখ টাকা খোয়ালেন অন্তঃসত্ত্বা

আন্তর্জাতিক ডেস্ক

মাতৃত্বকালীন ছুটি নিয়ে ঘরে বসে অলস সময় পাড় করছিলেন এক নারী। তাই বাড়তি আয়ের চেষ্টায় অনলাইনে চাকরি খোঁজেন। পেয়েও যান। তবে সেটা যে প্রতারকদের ফাঁদ ছিল তা টেরই পাননি ওই অন্তঃসত্ত্বা। ঘরে বসে আয় করতে গিয়ে অনলাইনে প্রতারণার ফাঁদে পড়ে ৫৪ লাখ রুপি খুইয়েছেন তিনি। যা বাংলাদেশি মুদ্রায় ৭৫ লাখ টাকার বেশি। খবর টাইমস অব ইন্ডিয়ার
প্রতিবেদনে বলা হয়েছে, সম্প্রতি ভারতের মুম্বাইয়ে ঘটেছে এই ঘটনা। প্রতারণা শিকার হয়ে ওই নারী মুম্বাই পুলিশের দ্বারস্থ হয়ে অজ্ঞাত চার প্রতারকের বিরুদ্ধ মামলা দায়ের করেছেন। পুলিশ তদন্ত শুরু করে প্রতারকদের খুঁজছে। পুলিশ জানিয়েছে, ঘরে বাড়তি আয়ের খোঁজে অনলাইনে ওই নারীর সঙ্গে এক ব্যক্তির পরিচয় হয়। তিনি তাকে ফ্রিল্যান্সিং হিসেবে একটি কোম্পানি অথবা রেস্তোরাঁয় কিছু কাজ দেওয়া হবে বলে জানান। তবে এজন্য তাকে পাঁচটি ধাপ অতিক্রম করতে বলা হয়। একটি লিংকে ক্লিক করলে এতে জানানো হয়, কাজ পেতে তাকে কিছু অর্থ বিনিয়োগ করতে হবে। যা পরে ফেরত দেওয়া হবে। এক পর্যায়ে বিভিন্ন অ্যাকাউন্টের মাধ্যমে ৫৪ লাখ ৩০ হাজার রুপি জমা দেন ওই নারী। গত ৭ মে থেকে ১০ মে তিনি এ অর্থ পাঠান। এক পর্যায়ে প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে ওই প্রতারক যোগাযোগ বন্ধ করে দেয়। তখন তিনি বুঝতে পারেন তিনি প্রতারণার শিকার হয়েছেন।

## জাতি-ধর্ম নির্বিশেষে কেউ যেন

**প্রথম পাতার পর**

কাজেই কেউ যেন বৈষম্যের শিকার না হন।' রাষ্ট্রপ্রধান গত শনিবার (১৮ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি'র ৮ম জাতীয় সম্মেলনের উদ্বোধনকালে প্রধান অতিথির ভাষণে এই কথা বলেন।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের ২১ বছর পর ১৯৯২ সালে শহিদ জননী জাহানারা ইমামের নেতৃত্বে শুরু হয়ে এই আন্দোলনের প্রাজ্ঞ নেতৃবৃন্দ প্রায় ৩৩ বছর ধরে নানা চড়াই-উতরাই, ঘাত-প্রতিঘাত পেরিয়ে এই সংগঠনকে আজকের জায়গায় নিয়ে এসেছেন।

প্রধানমন্ত্রীর শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকারের বিভিন্ন সাফল্যের কথা উল্লেখ করে রাষ্ট্রপতি বলেন, 'ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশের পথে যাত্রা শুরু করেছি আমরা। এই অগ্রযাত্রার পথে সরকারের সামনে সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ ছিল মৌলবাদ ও আন্তর্জাতিক সন্ত্রাসবাদ। প্রধানমন্ত্রীর সাহসী নেতৃত্ব এবং জঙ্গীবাদের প্রতি তাঁর সরকারের 'জিরো টলারেন্স' নীতির কারণেই জঙ্গীবাদ দমনে বিশ্বমঞ্চে বাংলাদেশ আজ রোল মডেল।'

একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির ৮ম জাতীয় সম্মেলন-২০২৪ এর সভাপতি বিশিষ্ট লেখক ও সাংবাদিক শাহরিয়ার কবির, বীর মুক্তিযোদ্ধা সাবেক বিচারপতি শামসুদ্দিন চৌধুরী মানিক, বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি ডা. ফওজিয়া মোসলিম, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সভাপতি অধ্যাপক ড. নিমচন্দ্র ভৌমিক, বাংলাদেশ খ্রিষ্টান এসোসিয়েশনের সভাপতি মানবাধিকার নেতা নির্মল রোজারিও, আদিবাসী মুক্তি মোর্চার সভাপতি অধ্যাপক যোগেন্দ্রনাথ সরেন, বাংলাদেশ বুড্ডিস্ট ফেডারেশনের সাধারণ সম্পাদক ভিক্ষু সুনন্দপ্রিয়, ন্যায় অধিকার তৃতীয় লিঙ্গ উন্নয়ন সংস্থার চেয়ারম্যান সমাজকর্মী আনোয়ারা ইসলাম রাণী এবং ৮ম জাতীয় সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়ক কাজী মুকুল বক্তব্য রাখেন।

## বঙ্গবন্ধু স্বাধীনতা বিরোধীদের ক্ষমা

**প্রথম পাতার পর**

করে দিয়েছিলেন, এটা সত্য নয়।

গত শুক্রবার (১৭ মে) বিকেলে তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগ কার্যালয়ে শেখ হাসিনার ৪৪ তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ওবায়দুল কাদের বলেন, জিয়াউর রহমান ক্ষমতায় এসে ১১ হাজার স্বাধীনতা বিরোধীকে মুক্তি দিয়েছিলেন। তাদের মধ্যে মানবতাবিরোধী অপরাধে জড়িত ছিল ৭১৩ জন।

জিয়াউর রহমানের সমালোচনা করে আওয়ামী লীগ সম্পাদক বলেন, জিয়াউর রহমান ৭৫ এর পর বিভিন্ন সামরিক বাহিনীর ১১শ সদস্যকে নাস্তা খেতে খেতে ফাঁসি দিয়েছিলেন। প্রতিবেশী দেশ নাকি আমাদের নিয়ন্ত্রণ করে, ফখরুল সাহেবকে বলছি, শেখ হাসিনাকে কেউ নিয়ন্ত্রণ করতে পারে না। আমাদের নিয়ন্ত্রণ করে দেশের জনগণ, সংবিধান। এই সংবিধানের বাইরে আমরা যাবো না। যত ষড়যন্ত্র করুক, বিদেশি শক্তির নামে হুমকি ধমকি দিতে পারেন। তিনি কোনো বিদেশি শক্তির পরোয়া করেন না, বাংলাদেশের জনগণকে পরোয়া করেন। তিনি বলেন, বাংলাদেশে গত ৪৪ বছরের ইতিহাসে শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তনের পর থেকে যে পরিবর্তন হয়েছে, এই পরিবর্তন, রূপান্তরের রূপকার শেখ হাসিনা। তিনি বদলে যাওয়া বাংলাদেশের রূপকার। বঙ্গবন্ধু পোয়েট অব পলিটিক্স আর শেখ হাসিনা ম্যাজিক অব পলিটিক্স। শেখ হাসিনার প্রত্যাবর্তন মুক্তিযুদ্ধের হারিয়ে যাওয়া মূল্যবোধের প্রত্যাবর্তন। আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেনের সভাপতিত্বে আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন সভাপতিমণ্ডলীর সদস্য মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, জাহাঙ্গীর কবির নানক, যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ, মাহবুব উল আলম হানিফ, আ ফ ম বাহাউদ্দিন নাছিম, ডা. দীপু মনি, সাংগঠনিক সম্পাদক মির্জা আজম।

## শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন

**প্রথম পাতার পর**

সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বলেছেন, 'শেখ হাসিনা স্বপ্ন দেখেন, স্বপ্ন দেখান, স্বপ্ন বাস্তবায়ন করেন।'

গত শুক্রবার (১৭ মে) তিনি ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া রেলওয়ে জংশনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন। দুপুরে জেলার আখাউড়া উপজেলার ধরখার ইউনিয়নের কৃষ্ণনগর গ্রামে বনগজ-কৃষ্ণনগর সড়কের তিতাস নদীর উপর নির্মাণাধীন ব্রিজের কাজ পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের মন্ত্রী বলেন, 'বিএনপি তাদের শাসনামলে যুদ্ধাপরাধী ও রাজাকার আলবদরদের সাথে নিয়ে পাকিস্তানের দালাল হয়ে বাংলাদেশের জনগণকে শোষণ ও অত্যাচার করতো। এখন যে দেশ ও জনগণের উন্নয়ন হচ্ছে, তা মির্জা ফখরুলসহ বিএনপির সহ্য হচ্ছে না। সেজন্য এখন তাদের মাথা খারাপ হয়েছে। বিএনপির আমলে ঋণ খেলাপির তালিকা সবচেয়ে বেশি ছিলো বলে তিনি উল্লেখ করেন।

এ সময় মন্ত্রীর সঙ্গে আখাউড়া পৌরসভার মেয়র মো. তাকজিল খলিফা কাজল, সাবেক উপজেলা চেয়ারম্যান শেখ বোরহান উদ্দিন, উপজেলার আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মো. মনির হোসেন বাবুল, সেলিম ভূইয়া, গোলাম সামদানি ফেরদৌস, আব্দুল মমিন বাবুল উপস্থিত ছিলেন।

## পাটকলগুলো নিয়ে সরকারের নতুন

**প্রথম পাতার পর**

চিন্তা-ভাবনা করছে সরকার। বেসরকারি লিজ দেওয়া পাটকলগুলো আশানুরুপ ফলাফল দিতে না পারায় নতুন করে ভাবতে হচ্ছে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রমিক বান্ধব। প্রধানমন্ত্রী শ্রমিকদের জন্য সবকিছু করে যাচ্ছেন। এ অঞ্চলের জুট মিলগুলো বন্ধ হলেও প্রধানমন্ত্রী শ্রমিকদের খালি হাতে ফিরিয়ে দেননি।

মন্ত্রী বলেন, শ্রমিকদের পাওনা পরিশোধ করা হয়েছে। অত্র এলাকায় শিল্প কলকারখানা গড়ে উঠবে। সোনালি আঁশ পাটের সুদিন ফিরিয়ে আনতে চাই। এজন্য যা যা করা দরকার সবকিছু করা হবে।

জাহাঙ্গীর কবির নানক গত শনিবার (১৮ মে) খুলনায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন জুট মিলগুলো এবং খুলনা টেক্সটাইলস মিল পরিদর্শন শেষে খালিশপুর জুট মিলস প্রাঙ্গণে গণমাধ্যমকর্মীদের এসব কথা বলেন। এর আগে তিনি বিজেএমসির নিয়ন্ত্রণাধীন দৌলতপুর জুট মিলস লি. প্লাটিনাম জুবলি জুট মিলস লি. ক্রিসেন্ট জুট মিলস লি. এবং বিটিএমসির নিয়ন্ত্রণাধীন খুলনা টেক্সটাইল মিলস পরিদর্শন করেন।

পরিদর্শনকালে খুলনা সিটি মেয়র তালুকদার আব্দুল খালেক, খুলনা-৩ আসনের সংসদ সদস্য এস এম কামাল হোসেন, বিজেএমসির চেয়ারম্যান ফারুক আহমদ, বিটিএমসির চেয়ারম্যান ব্রি. জেনারেল জিয়াসহ সংশ্লিষ্ট কর্তকর্তাগণ উপস্থিত ছিলেন।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, ছাটাইকৃত কর্মচারী যারা পাওনা মজুরি পায়নি তাদের প্রায় ১৬শ' কোটি টাকা পরিশোধ করা হয়েছে। আর যাদের বাকি আছে তাদের জন্যও প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

## এভারেস্টের চূড়ায় বাংলাদেশি

**প্রথম পাতার পর**

ফরহান জামান। হিমালয়ের শীতিধার চূড়া জয়ের জন্য বাবর আলী রওনা দিয়েছিলেন ১ এপ্রিল। চূড়াটি পর্বতের ১৫ হাজার ৫০০ ফুট ওপরে। সকাল সাড়ে ৮টায় সেখানে তিনি বাংলাদেশের পতাকা ওড়ান। তবে বাবরের আসল লক্ষ্য শুধু এভারেস্ট নয়, পৃথিবীর চতুর্থ শীর্ষ পর্বত লোৎসেও। রোববার ক্যাম্প-৪ এ নেমে মাঝরাতে আবারো শুরু করবেন দ্বিতীয় লক্ষ্যের পথে যাত্রা। সব অনুকূলে থাকলে ভোরে পৌঁছে যাবেন এর চূড়ায়। প্রসঙ্গত, এ লোৎসেতে ইতোপূর্বে কোনো বাংলাদেশি সামিট করেননি এবং কোনো বাংলাদেশি একই অভিযানে দু'টি আট হাজারি শৃঙ্গ চড়েননি। তাই লক্ষ্য পূরণে হলে বাবার আলী করবেন বাংলাদেশের ইতিহাসের এক নতুন অধ্যায়ের সূচনা।

চলতি বছরের ১ এপ্রিল নেপালের উদ্দেশে দেশ ছাড়েন বাবর আলী। পর্বতারোহণের প্রয়োজনীয় অনুমতি ও নানা সরঞ্জাম কেনার কাজ শেষ করে নেপালের রাজধানী কাঠমান্ডু থেকে লুকলার উদ্দেশ্যে রওনা তিনি। সপ্তাহ খানেকের ট্রেকিং শেষ পৌঁছান এভারেস্টের বেস ক্যাম্পে। মূল অভিযান শুরু হয় এখান থেকেই। পর্বতের চূড়ায় উঠতে সময় লাগে দুই মাসের মতো। চট্টগ্রাম মেডিকেল কলেজ থেকে এমবিবিএস পাস করেন ৩৩ বছর বয়সী বাবর আলী। এরপর শুরু করেন চিকিৎসা পেশা। এরপর চাকরি ছেড়ে দেশ-বিদেশ ঘোরা শুরু করেন। সাইকেলিংয়ের পাশাপাশি এখন পর্যন্ত সারগো রি (৪ হাজার ৯৮৪ মিটার), সুরিয়া পিক (৫ হাজার ১৪৫ মি.), মাউন্ট ইয়ানাম (৬ হাজার ১১৬ মি.), মাউন্ট ফাবরাং (৬ হাজার ১৭২ মি.), মাউন্ট চাউ চাউ কাং নিলডা (৬ হাজার ৩০৩ মি.), মাউন্ট শিবা (৬ হাজার ১৪২ মি.), মাউন্ট রামজাক (৬ হাজার ৩১৮ মি.), মাউন্ট আমা দাবলাম (৬ হাজার ৮১২ মি.) ও চুলু ইস্ট (৬ হাজার ০৫৯ মি.) পর্বতের চূড়ায় উঠেছেন বাংলাদেশের এই তরুণ।

## বর্জ্য ব্যবস্থাপনা উপেক্ষা করে দেশ

**প্রথম পাতার পর**

অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, 'কেননা অন্যত্রতো আর ৪ শতাংশ সুদে ঋণ পাওয়া যাবে না। কাজেই পুরুষরা বিশেষ করে আমাদের যুব সমাজ এই সুযোগটা কাজে লাগাতে পারেন। কারণ আমরা চাই আমাদের শিল্পখাতে আরো উদ্যোক্তার সৃষ্টি হোক'।

প্রধানমন্ত্রী বলেন, ২০০৭-০৮ অর্থবছরের জিডিপিতে শিল্পখাতের অবদান ছিল ১৭ দশমিক ৭৭ শতাংশ সেখানে ২০২২-২৩ অর্থবছরে তা বেড়ে ৩৭ দশমিক ৫৬ শতাংশে উন্নীত হয়েছে এবং অর্থনীতির প্রায় প্রতিটি সুচকে বাংলাদেশ আজকে এগিয়ে যাচ্ছে। আমাদের মাথাপিছু আয় ২ হাজার ৭শ' ৯৬ মার্কিন ডলারে উন্নীত হয়েছে। যা বিএনপির শাসনামলে ২০০৫-০৬ অর্থবছরে ছিল মাত্র ৫শ ৪৩ মার্কিন ডলার।

কোভিড-১৯ অতিমারী, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এবং একে ঘিরে স্যাংশন ও পাল্টা স্যাংশনের বিরূপ প্রভাবে বিশ্ব অর্থনীতির মন্দাভাবে মূল্যস্ফীতি না ঘটলে এটাকে আরো উন্নতি করা যেত বলেও তিনি অভিমত দেন। এরসঙ্গে ফিলিস্তিনের গাজায় ইসরায়েলি আগ্রাসনকে গণহত্যা হিসেবে উল্লেখ করেন তিনি।

প্রধানমন্ত্রী 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২৩' বিজয়ী সাতজন মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি এবং স্টার্ট-আপ উদ্যোক্তার হাতে ক্রেস্ট ও সনদ তুলে দেন।

শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ুন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জাকিয়া সুলতানা ও এফবিসিসিআই এর সভাপতি মাহবুবুল আলম বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন। স্বাগত বক্তৃতা করেন এসএমই ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. মো. মাসুদুর রহমান। ২০২৩ সালের জাতীয় পুরস্কার বিজয়ী এসএমই উদ্যোক্তাদের পক্ষে 'রংপুর ক্রাফটস' এর স্বত্ত্বাধিকারি স্বপ্না রানী সেন অনুষ্ঠানে নিজস্ব অনুভূতি ব্যক্ত করেন।

প্রধানমন্ত্রী অনুষ্ঠানে আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার অনুযায়ী শিল্প মন্ত্রণালয় প্রণীত ২০২৪ থেকে ২০২৮ কর্মপরিকল্পনার ওপর রচিত একটি বইয়ের মোড়ক উন্মোচন করেন। অনুষ্ঠানে 'এসএমই মেলা ২০২৪' এর ওপর একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। উদ্বোধনী পর্ব শেষে প্রধানমন্ত্রী মেলার বিভিন্ন স্টলগুলো ঘুরে দেখেন।

এবারের মেলায় অংশ নেওয়া সাড়ে তিন শ'র বেশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান, যাদের মধ্যে প্রায় ৬০ শতাংশ নারী উদ্যোক্তা। এ ছাড়া ৩০টি ব্যাংক, ১৫টি সরকারি-বেসরকারি সংস্থা, পাঁচটি বিশ্ববিদ্যালয় বিজনেস ক্লাবসহ আরও প্রায় ৫০টি উদ্যোক্তা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান মেলায় অংশগ্রহণ করছে।

আগামী ২৫ মে (শনিবার) পর্যন্ত চলমান এই মেলা প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

## বিএনপি ক্ষমতায় এসে সব

**প্রথম পাতার পর**

আইসিপিডি প্রোগ্রাম অব অ্যাকশনের ১৫টি মূলনীতি বাস্তবায়নে জাতীয় জনসংখ্যা নীতি ২০১২ প্রণয়ন করি। মাতৃমৃত্যু ও নবজাতক মৃত্যুহার হ্রাস, মা ও নবজাতকের স্বাস্থ্যসেবা, শিশু ও কিশোর-কিশোরী প্রজনন স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানে ব্যাপক কর্মসূচি গ্রহণ করি। দেশের প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা পৌঁছে ওয়ার লক্ষ্যে বন্ধ হয়ে যাওয়া কমিউনিটি ক্লিনিক প্রকল্প আবারও চালু করি। বর্তমানে সারা শে সাড়ে ১৪ হাজারেরও বেশি কমিউনিটি ক্লিনিক চালু আছে। এগুলোর মাধ্যমে মাতৃ ও শিশু স্বাস্থ্যসেবাসহ ৩০টি অতি প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে প্রদান করা হচ্ছে। এর মধ্যে প্রায় তিন হাজার ক্লিনিকে স্কিলড বার্থ অ্যাটেনডেন্স সেবা প্রদান করা হচ্ছে।

শেখ হাসিনা আরও বলেন, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীন ৩ হাজার ২৯০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/পরিবার পরিকল্পনা ক্লিনিক হতে মা, শিশু ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হচ্ছে। এর মধ্যে ২ হাজার ২০০টি কেন্দ্র থেকে সার্বক্ষণিক স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হচ্ছে। প্রসূতিসেবা প্রদানের জন্য এসব কেন্দ্রেদ্র ৪ জন করে ধাত্রী নিয়োগের পরিকল্পনা নেওয়া হয়েছে। ২০১০ সালে জাতিসংঘ সদরদপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে আমি ৩০ হাজার ধাত্রী নিয়োগের অঙ্গীকার করেছিলাম। এর ধারাবাহিকতায় আগামী কয়েক বছরের মধ্যে ২০ হাজার ধাত্রী নিয়োগ করা সম্ভব হবে বলে আমি আশা করি।

শেখ হাসিনা বলেন, মাতৃস্বাস্থ্য সেবায় জরুরি প্রসূতি সেবা নিশ্চিত করতে ফ্রি অ্যাম্বুলেন্স সেবা চালু করা হয়েছে। 'মা টেলিহেলথ সার্ভিস'-এর মাধ্যমে প্রসূতি মায়ের গর্ভকালীন ও প্রসব পরবর্তী সেবা প্রদানের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মা ও শিশুর পুষ্টি চাহিদা পূরণ এবং শিশুর শারীরিক বৃদ্ধি ও মানসিক বিকাশের জন্য 'মা ও শিশু সহায়তা কর্মসূচি' বাস্তবায়নের মাধ্যমে ১৩ লাখ উপকারভোগীকে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

তিনি আরও বলেন, সরকারি-বেসরকারি অফিস-আদালত, ব্যাংক-বীমা, শপিং মল, রেল স্টেশনসহ বিভিন্ন জায়গায় ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন করা হয়েছে। একইসঙ্গে সরকারি-বেসরকারি প্রতিটি কর্মস্থলে 'শিশু দিবাযত্ন কেন্দ্র' স্থাপনের নির্শেনা প্রদান করা হয়েছে। গত ১৫ বছরে এসব উদ্যোগের ফলে বর্তমানে বাংলাশে শিশুমৃত্যু হার প্রতি হাজারে ২১ জন; যা ২০০৬ সালে ছিল হাজারে ৮৪ জন। একইভাবে মাতৃমৃত্যু হার প্রতি লাখে ২০০৬ সালের ৩৭০ জন থেকে ১৩৬ জনে হ্রাস পেয়েছে।

## দুই দেশের সম্পর্ক আরও সুদৃঢ়

**প্রথম পাতার পর**

এই বৈঠকের বিষয় নিয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন পরিবেশমন্ত্রী। সাবের হোসেন চৌধুরী বলেন,দুই দেশের মধ্যে সম্পর্কের এমন কিছু বিষয় আছে, যেগুলো অভিন্ন। আবার কিছু বিষয়ে তাঁরে মতের ভিন্নতা থাকতে পারে। যেমন বাংলাশের জাতীয় নির্বাচনের আগে তাঁদের অস্বস্তি ছিল। নির্বাচন নিয়ে তাঁদের অবস্থান ছিল। এখন সেই অবস্থান নেই। দুই দেশের মধ্যে সম্পর্ক আরও সুদৃঢ় করতে ডোনাল্ড লুর সঙ্গে তাঁর আলোচনা হয়েছে।

পরিবেশমন্ত্রী বলেন, ডোনাল্ড লুর সঙ্গে অতীত নিয়ে কোনো আলোচনা হয়নি। বর্তমান সম্পর্ককে কীভাবে এগিয়ে নেওয়া যায়, তা নিয়ে আলোচনা হয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে দুই দেশ কীভাবে কাজ করতে পারে, তা নিয়ে আলোচনা হয়েছে। একই সঙ্গে পরিবেশ ও বন নিয়ে আলোচনা হয়েছে। আগামী তিন, চার, পাঁচ বছরে দীর্ঘ মেয়াদে কী করা যায়, তা নিয়ে আলোচনা হয়েছে।

সাবের হোসেন চৌধুরী বলেন, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় বহুপক্ষীয় সংস্থা এমডিবি কীভাবে অর্থায়ন করবে, তা বড় একটি বিষয়। আগে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় চাহিদা ছিল বিলিয়ন ডলার। এখন তা ট্রিলিয়ন ডলারে পৌঁছেছে। সরকার এখন গবেষণার ওপর জোর দিচ্ছে।

পরিবেশমন্ত্রী বলেন, এসব বিষয় নিয়ে ভবিষ্যতে আবার বসবেন। তখন সবকিছু সুনির্দিষ্ট হবে। কোন কোন খাতে সহযোগিতা হবে, তা নির্ধারণ করা হবে। ডোনাল্ড লু জোর দিয়েছেন, ভবিষ্যতে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন নিয়ে যা-ই বিনিয়োগ হোক, তা যেন প্রান্তিক মানুষের কাছে পৌঁছে। বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের অগ্রাধিকার একই জায়গায়। সেটি হচ্ছে জলবায়ু পরিবর্তন। এ বিষয়ে কীভাবে কাজ করা হবে, কৌশল কী হবে তা নিয়ে আলোচনা হয়েছে।

ডোনাল্ড লু সাংবাদিকদের বলেন, পরিবেশমন্ত্রীর সঙ্গে তাঁর চমৎকার আলোচনা হয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে আলোচনা হয়েছে। জলবায়ু পরিবর্তন মোকাবিলায় দুই দেশ কীভাবে কাজ করতে পারে, তা নিয়ে আলোচনা হয়েছে। অবশ্য এর বাইরে আর কোনো প্রশ্নের জবাব দেননি ডোনাল্ড লু।

## জান্নাতের একটি বিশেষ ঝর্ণাধারা

**প্রথম পাতার পর**

অনেক বেশি পিপাসা নিয়ে এবং বিশৃঙ্খল পরিবেশে তৃষ্ণা নিবারণ করার চেষ্টা করবে। তারপর আল্লাহ্ তাআলা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দায়িত্ব দেবেন, বিশ্বাসীদের মধ্যে তৃষ্ণা নিবারণে কে কে অগ্রাধিকার পাবেন। তাদের পিপাসা মেটানোর জন্য হাউজে কাওসার থেকে শীতল আর সুস্বাদু পানি পান করানো হবে। আল্লাহ্ তাআলা সব নবীর জন্যে হাউজে কাওসার তৈরি করেছেন। তবে আমাদের নবী মুহাম্মাদুর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য আল্লাহ্ তাআলা বিশেষ হাউজ তৈরি করে রেখেছেন। যা অন্যান্য নবী-রাসুলদের হাউজের চেয়ে অনেক বড় ও এর পানীয় সবচেয়ে বেশি মিষ্টি এবং হাশরের দিন এর পানকারী হবে সব চেয়ে বেশি। হাউজে কাউছার কেমন হবে এর বর্ণনায় রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন-

১. হজরত আব্দুল্লাহ ইবনে আমর রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'আমার হাউজের প্রশস্ততা এক মাসের পথের দূরত্বের সমপরিমাণ। এর পানি দুধের চেয়েও সাদা, সুগন্ধি, মিশক আম্বরের চেয়েও অধিক খোশবুদার। এর পেয়ালা আকাশের উজ্জ্বল নক্ষত্ররাজির তুল্য। যে একবার এর শরবত পান করবে সে কখনো আর পিপাসিত হবে না।' (বুখারি ও মুসলিম)

২. হজরত আনাস ইবনে মালিক রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, 'নিশ্চয়ই আমার হাউজের আয়তন ইয়ামেনের আইলা ও সানআর (শহরদ্বয়ের) মধ্যের দূরত্বের সমপরিমাণ। তার পান পাত্রের (পেয়ালা) সংখ্যা আসমানের তারকারাজি সমান হবে।' (বুখারি ও মুসলিম)

**যারা হাউজে কাওসার থেকে বঞ্চিত হবে**

হজরত আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'কেয়ামতের দিন আমার উম্মতের একটি দল আমার কাছে আসতে চাইবে। কিন্তু তাদের বাধা দেওয়া হবে। এরপর আমি বলবো- হে আমার রব! ওরা আমার উম্মত। আল্লাহ্ তাআলা বলবেন, 'তুমি জান না এরা তোমার অবর্তমানে ধর্মের নামে নতুন নতুন পন্থা আবিষ্কার করেছে। নিশ্চয়ই এরা পশ্চাৎমুখী হয়ে মুরতাদ হয়েছিল।' (বুখারি ও মুসলিম)

হাউজে কাওসারের বর্ণনা ও গুণাগুণ প্রকাশ করার মর্মার্থ হলো- মুসলমানদেরকে শেষ বিচারের দিনের ভয়াবহতা সর্ম্পকে সচেতন করা এবং সেই অনুসারে তাদের পরকালের ভালোর জন্য এখন থেকেই পরিকল্পনা করতে অনুপ্রাণিত করা। এটি মুহাম্মাদুর রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি তাদের ভালোবাসার বহিঃপ্রকাশ এবং কেয়ামতের দিনের না দেখা বিষয়ের প্রতি বিশ্বাস স্থাপনে উদ্বুদ্ধ করে। আল্লাহ্ তাআলা মুসলিম উম্মাহকে দ্বীনের সঠিক পথের ওপর থাকার তাওফিক দান করুন। বেদায়াত থেকে মুক্ত থাকার তাওফিক দান করুন। পরকালের কঠিন পরিস্থিতে হাউজে কাওসার ও আরশের ছায়ায় স্থান পাওয়ার তাওফিক দান করুন। আমিন।

## শুক্রবারও চলবে মেট্রোরেল!

**প্রথম পাতার পর**

আগামী জুলাই মাস থেকে শুক্রবারেও মেট্রোরেল চালানোর সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। এছাড়া জুন মাসের মধ্যে পিক আওয়ারের হেডওয়ে (দুই ট্রেনের মধ্যবর্তী অপেক্ষমাণ সময়) ৮ মিনিট থেকে কমিয়ে ৫ মিনিট করা হতে পারে। বিষয়টি নিয়ে ডিএমটিসিএলের কোম্পানি সচিব মোহাম্মদ আবদুর রউফ বলেন, এ বিষয়ে আমার কোনো ধারণা নেই। হয়তো কয়েকদিন পরে আমাদের এমডি স্যার সংবাদ সম্মেলন করে জানাবেন, যদি এরকম কোনো সিদ্ধান্ত হয়।

বর্তমান সময়সূচি অনুযায়ী, দিনের প্রথম ট্রেন উত্তরা উত্তর স্টেশন থেকে মতিঝিল স্টেশনে উদ্দেশ্যে সকাল ৭টা ১০ মিনিটে ছেড়ে আসে এবং মতিঝিল স্টেশন থেকে সকাল সাড়ে ৭টায় উত্তরা উত্তর স্টেশনের উদ্দেশ্যে ছেড়ে যায়।

এছাড়া দিনের শেষ ট্রেন রাত ৯টায় উত্তরা উত্তর স্টেশন থেকে মতিঝিলের উদ্দেশ্যে ছেড়ে আসে এবং মতিঝিল স্টেশন থেকে রাত ৯টা ৪০ মিনিটে উত্তরা উত্তর স্টেশনের উদ্দেশ্যে ছেড়ে যায়।

## বিএনপির দু'কূল হারানো

**শেষের পাতার পর**

নির্বাচনের দ্বিতীয় ধাপে অংশ নেওয়ায় নাটোরের বাগাতিপাড়া উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর হোসেন মানিককে বহিষ্কার করা হয়েছে। দলে ফেরার বিষয়ে তিনি বলেন, 'দল আমাদের প্রতি সহানুভূতিশীল হবে। জন্মলগ্ন থেকে বিএনপির রাজনীতির সঙ্গে জড়িত। ব্যাক করবো, ইনশাআল্লাহ। এজন্য যা কিছু করতে হয় করবো।' বহিষ্কার হয়ে দলে ফেরার অনেক নজির রয়েছে জানিয়ে মানিক বলেন, 'নির্বাচিত হতে পারলে দলে ফেরাটা সহজ হবে। জয়ী হওয়া একটা প্লাসপয়েন্ট। দল যখন দেখবে তৃণমূলের মানুষ আমার সঙ্গে আছে, তখন টেনে নেবে। নির্বাচিত হতে না পারলেও দলীয় নির্দেশনা মেনে চলবো। দলের ফেরার চেষ্টা করবো। বিএনপি ছাড়া অন্য কোনো দল করা সম্ভব নয়। দলের সঙ্গে আছি, থাকবো।'

**বহিষ্কৃতদের বর্তমান পরিস্থিতি**

দলের এ সিদ্ধান্ত উপেক্ষা করে গাজীপুরের সর্বশেষ সিটি করপোরেশন নির্বাচনে অংশ নেওয়ায় ৩২ জনকে আজীবনের জন্য বহিষ্কার করে বিএনপি। পরে মৌখিকভাবে বহিষ্কৃতদের দলে ফেরার লিখিত আবেদন জানানোর নির্দেশনা দেয় বিএনপি। সে মোতাবেক আবেদন করলে মাত্র তিনজনের বহিষ্কারাদেশ প্রত্যাহার হয়। তবে তারা এখনো দলীয় পদ ফিরে পাননি। এ তিনজনের একজন হলেন গাজীপুর মহানগর বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক হান্নান মিয়া হান্নু। তিনি গাজীপুরের কাউন্সিলর নির্বাচিত হন। হান্নান মিয়া হান্নু বলেন, 'ভুল স্বীকার করে আবেদন করলে জাতীয় নির্বাচনের আগে আমার বহিষ্কারাদেশ প্রত্যাহার করে দল। দলীয় পদ এখনো ফিরে পাইনি। আশাকরি, যাদের বহিষ্কারাদেশ এখনো প্রত্যাহার হয়নি, তাদেরটা পর্যায়ক্রমে হবে। সম্প্রতি বহিষ্কৃতদের দলে ফেরার সুযোগ আছে কি না এমন প্রশ্নে তিনি বলেন, 'রাজনীতিতে শেষ বলতে কিছু নেই। দলের সিদ্ধান্ত পরিবর্তন হতে পারে।'

গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে অংশ নিয়ে বহিষ্কৃত মহানগর শ্রমিক দলের সাবেক আহ্বায়ক ফয়সাল আহমেদ বলেন, গাজীপুর সিটি নির্বাচনে অংশ নেওয়ায় ৩২ জনকে আজীবনের জন্য বহিষ্কার করেছিল দল। পরে দলীয় সিদ্ধান্তে তিনজনের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়। এখনো আমিসহ ২৯ জনের বহিষ্কারাদেশ প্রত্যাহার করা হয়নি। দলের সঙ্গে আছি, থাকবো। এ বিষয়ে বিএনপির সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেন, দলের সিদ্ধান্ত উপেক্ষা করে যারা নির্বাচনে অংশ নিয়েছেন তাদের আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। আওয়ামী লীগের সঙ্গে আঁতাত করে ভোট করেছেন। তাদের দলে ফেরার সুযোগ নেই। দলীয় সিদ্ধান্ত অমান্য করে স্থানীয় সরকার নির্বাচনে যারা অংশ নিচ্ছেন তাদের 'বিপথগামী ও মীরজাফর' বলে আখ্যা দিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তবে আশার কথাও শুনিয়েছেন রিজভী। তিনি বলেছেন, বহিষ্কৃতরা ফিরতে চাইলে বিবেচনা করবে দল। রিজভী বলেন, 'দলীয় সিদ্ধান্ত অমান্য করে স্থানীয় সরকার নির্বাচনে অংশগ্রহণকারীদের বহিষ্কার করা হয়েছে। তারা ভুল স্বীকার করে আবেদন করলে দল নিশ্চয়ই বিবেচনা করবে। দল তো নেতাকর্মীদের ওপর অমানবিক হতে পারে না। পরিস্থিতি অনুযায়ী সিদ্ধান্ত নেবে দল।' বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল বলেন, 'পরীক্ষিতদের সংশোধনের সুযোগ দেওয়া উচিত। এতে দলের শক্তি বাড়বে। এজন্য বহিষ্কৃতদের আগ্রহের ভিত্তিতে দলেরও অগ্রসর হওয়া উচিত।' এ বিষয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য বেগম সেলিমা রহমান বলেন, 'আমরা দলীয় সিদ্ধান্তে নির্বাচন বর্জন করেছি। কে জিতলো, কে হারলো সেটা ভাবার বিষয় নয়। যেখানে জাতীয় সংসদ নির্বাচনে যাইনি, উপজেলায় কেন যাবো? যারা কথা শোনেননি স্বাভাবিকভাবেই তারা দল করার যোগ্যতা রাখেন না। তাদের বিষয়ে আমাদের কোনো চিন্তাভাবনা নেই।

## রাজশাহীর আম নিতে আগ্রহী

**শেষের পাতার পর**

রফতানির জন্য ২৫০-৩০০ চাষিকে সহায়তা করা হয়েছে। রফতানির জন্য রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জে আম গ্রেডিং শেড এবং ট্রিটমেন্ট প্লান্ট করা হচ্ছে। এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন বিশ্বব্যাংকের প্রোগ্রাম ম্যানেজার মাইকেল জন ওয়েবস্টের ও কোকাকোলা বাংলাদেশ লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর জু-উন নাহার চৌধুরী। এর আগে মন্ত্রী সোনাদীঘি গ্রামের কৃষক রাতুলের ফার্মে মাটিবিহীন চারা উৎপাদন, ই-ফারমিং, ভার্মি কম্পোস্ট, বসতবাড়ি বাগান ও কৃষিক্ষেত পরিদর্শন করেন। বাগানটিতে বিশ্বব্যাংক, বেসরকারি সংস্থা ডাসকো, কোকাকোলা বাংলাদেশ লিমিটেড ও সিনজেনটার সহযোগিতায় উন্নত প্রযুক্তিতে আম চাষ করা হচ্ছে।

এ ছাড়া মন্ত্রী গোদাগাড়ীর বিজয়নগর এলাকায় পানি সাশ্রয়ী প্রযুক্তিতে ধান চাষও পরিদর্শন করেন। এরপর সোনাদীঘি এলাকায় তিনি নার্সারিতে উন্নত প্রযুক্তিতে চারা উৎপাদন পদ্ধতি পরিদর্শন করেন। এসময় মন্ত্রীর সঙ্গে কৃষি বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## ঐতিহ্যের শীতল পাটি

**শেষের পাতার পর**

পাওয়া যায়। অর্থাৎ শীতলপাটি এই শিল্পকর্মটির সঙ্গে দেশের অনেক মানুষ যুক্ত। তাদের জীবন-জীবিকাও এই বিশেষ শিল্পকর্মটির ওপর নির্ভরশীল। সিলেটের বালাগঞ্জ উপজেলার তেঘরিয়া গ্রামের শীতলপাটি জায়গা করে নিয়েছিলো মহারানী ভিক্টোরিয়ার রাজসভায়। মুঘল রাজদরবারেও বেশ কদর ছিলো শীতলপাটির। মৌলভীবাজার জেলার দাসের বাজারের রূপালি বেতের বাহারী কারুকাজ করা শীতলপাটি মুর্শিদ কুলি খাঁ মুঘল সম্রাট আওরঙ্গজেবকে উপহার দিয়েছিলেন। ১৯১৯ সালে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর সিলেটে আমন্ত্রিত হয়ে বেতের উপর কারুকার্যশোভিত এই শীতলপাটি দেখে মুগ্ধ হয়েছিলেন। শান্তিনিকেতনে ব্যবহারের জন্য বেশ কয়েকটি শীতলপাটি তিনি কলকাতায়ও নিয়ে গিয়েছিলেন।

জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কো বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আবেদনে ২০১৭ সালের ৬ ডিসেম্বর বাংলাদেশের সিলেট অঞ্চলের শীতলপাটি বুননের ঐতিহ্যগত হস্তশিল্পকে বিশ্বের গুরুত্বপূর্ণ নির্বস্তক বা Intangible Cultural Heritage of Humanity সাংস্কৃতিক ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্ত করে। ইতোপূর্বে বাংলাদেশের বাউল গান, জামদানি বয়ন শিল্প এবং বাংলা নববর্ষের মঙ্গল শোভাযাত্রা ইউনেস্কো-র নির্বস্তক ঐতিহ্যের তালিকায় অন্তর্ভুক্তি লাভ করে।

ঢাকাই মসলিনের মতো সিলেটের শীতলপাটির কারুকার্যে একসময় সারা বিশ্ব মুগ্ধ হয়েছিলো। আন্তর্জাতিক স্বীকৃতি এই শিল্পকর্মের দিকে বিশ্ববাসীর আবারও দৃষ্টি ফেরাবে। 'ছন্দের জাদুকর' কবি সত্যেন্দ্রনাথ দত্ত বাংলার মাটিকে নিপুণ কারুকাজের শীতলপাটির সাথেই তুলনা করেছেনঃ

'চন্দনেরি গন্ধভরা,
শীতল করা, ক্লান্তি-হরা
যেখানে তার অঙ্গ রাখি
সেখানটিতেই শীতলপাটি।'...

## ভ্রমণ ভিসায় বেনাপোল

**শেষের পাতার পর**

এবং ভারতের পশ্চিমবঙ্গে লোকসভা ভোটের কারণে দুই দেশের বন্দরে আমদানি-রফতানি বাণিজ্য বন্ধ করে দিয়েছে পেট্রাপোল বন্দর কর্তৃপক্ষ।

বেনাপোল ইমিগ্রেশন অফিসার ইনর্চাজ আযহারুল ইসলাম বলেন, ভারতের পশ্চিমবঙ্গের লোকসভা নির্বাচনের কারণে ভ্রমণ ভিসার পাসপোর্টধারী যাত্রীদের সাময়িক ভাবে যাতায়াত বন্ধ থাকবে। ২১ মে সকাল থেকে আবারও দুই দেশের মধ্য সব ধরনের ভিসাধারী পাসপোর্ট যাত্রী স্বাভাবিকভাবে যাতায়াত করতে পারবেন।

## ৫৭ বছর বয়সে এসএসসি পাস!

চিকিৎসক হয়ে মানুষের সেবা করতে চাই। হোমিওপ্যাথি কলেজে পড়তে হলে এসএসসি পাস করতে হবে। তাই পরীক্ষা দেয়ার সিদ্ধান্ত নিই। তাছাড়া আমার সঙ্গে যারা আছেন (সহকর্মী ) তারা বেশিরভাগই ডিগ্রি পাস। এজন্য বছর দুয়েক আগে নাটোরের লালপুরের মোহরকয়া নতুনপাড়া মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউটে নবম শ্রেণিতে ভর্তি হই।

রাজশাহী জেলার বাঘা উপজেলার আশরাফপুর গ্রামের সন্তান আব্দুস সামাদের এমন উদ্যোগে অনেকে কটূক্তি করলেও পাশে ছিলেন তার পরিবার। সহকর্মী আর ঊর্ধ্বতন কর্মকর্তাদের আন্তরিকতাও স্বপ্ন পূরণে সিঁড়ির মতো কাজ করেছে। ট্রাফিক পুলিশের হাড়ভাঙা পরিশ্রমের দায়িত্ব পালনের পাশাপাশি সামাদের ৫৭ বছর বয়সে এমন অর্জনে গর্বিত জেলা পুলিশ। সমাজের সামনে এটি এক ইতিবাচক উদাহরণ হয়ে থাকবে বলে মনে করেন অতিরিক্ত পুলিশ সুপার সুমন রঞ্জন।

কিছুদিনের মধ্যেই বগুড়া হোমিওপ্যাথি কলেজে ভর্তির আবেদন করবেন বলে জানান হার না মানা এই পুলিশ সদস্য।

## ১৮তম শিক্ষক নিবন্ধনের লিখিত

**শেষের পাতার পর**

২ লাখ ২১ হাজার ৬৫২ জন এবং কলেজ পর্যায়ের ২ লাখ ২৮ হাজার ৮১৩ জন। এনটিআরসিএ'র তথ্যমতে, ১৮তম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশ নিতে আবেদন করেছিলেন ১৮ লাখ ৬৫ হাজার ৭১৯ জন চাকরিপ্রার্থী। তবে গত ১৫ মার্চ অনুষ্ঠিত পরীক্ষায় অংশ নেন ১৩ লাখ ৪০ হাজার ৮৩৩ জন।

এ পরীক্ষায় গড় পাসের হার ৩৫ দশমিক ৮০ শতাংশ। শিক্ষক নিবন্ধন পরীক্ষায় ফেল করেছেন ৮ লাখ ৬০ হাজার ৮৫২ জন পরীক্ষার্থী।

## বন্ধুত্বের ৪০ বছরে 'ক্যাডেটস ৮৪'

**শেষের পাতার পর**

১৯৮৪ সালের ১৮ মে নতুন এক জগতে প্রবেশ করেছিলেন তাঁরা। তারপর থেকে দীর্ঘ ৬ বছর একসাথে থাকা, খাওয়া, ক্লাস সুশৃঙ্খল জীবনযাপন- এক কথায় ঘুম থেকে ওঠা থেকে ঘুমাতে যাওয়া পর্যন্ত একই বন্ধুদের সঙ্গে থাকতে থাকতে পরিবেশটি বন্ধুত্বের চেয়ে পারিবারিকই বেশি হয়ে গিয়েছিল। সম্পর্কগুলো এতোটাই পারিবারিক হয়ে গেছে যে, ৪০ বছরের মতো এতো দীর্ঘ পথ অতিক্রম করেও এখনো কেউ কারও কাছ থেকে বিচ্ছিন্ন হতে পারেননি। অনেকেই বাস্তব জীবনে নানান কাজে ব্যস্ত থাকলেও নিজেদের প্রয়োজনে সবাই সবার সঙ্গে যোগাযোগ রাখতে বরাবরের মতোই আন্তরিক। আগামী দিনগুলোতে এই আন্তরিকতার ধারাবাহিকতা ধরে রাখতে তারা বদ্ধপরিকর বলেও দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন।

## চেয়ারম্যান পদে স্বামী-স্ত্রীর লড়াই

**শেষের পাতার পর**

ব্যালটের মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপজেলায় চেয়ারম্যান পদে অপর তিন প্রার্থী হলেন- কাওছার ভূইয়া, লায়ন মো. সহিদুল ইসলাম ও মাইনুল ইসলাম খান।

স্বামীর ডামি প্রার্থী হিসেবে সুমনই দাঁড় করিয়েছেন বলে স্থানীয় রাজনীতি সচেতন ব্যক্তিদের অভিমত। তবে এসব অভিযোগ অস্বীকার করে মোখলেসুর রহমান সুমন বলেন, আমার স্ত্রী তার জনসমর্থনে নির্বাচন করছে। আমি তাকে উৎসাহ বা বাধা কিছুই দিইনি। যেহেতু সে এই উপজেলারই মেয়ে সেই হিসেবে নির্বাচন করতে পারা তার গণতান্ত্রিক অধিকার।

স্ত্রীর প্রচারণার ব্যাপারে তিনি বলেন, আমার সমর্থকদের নিয়ে আমি প্রচারণা চালাচ্ছি, স্ত্রী তার সমর্থকদের নিয়ে প্রচারণা চালাচ্ছে। নির্বাচনে স্ত্রী বিজয়ী হলে তাকে সাদরে গ্রহণ করে নেব।

ভাঙ্গা উপজেলা পরিষদ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা ও জেলা অতিরিক্ত নির্বাচন কর্মকর্তা জিয়াউল হক খান বলেন, স্বামী-স্ত্রীসহ চেয়ারম্যান পদে মোট পাঁচজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।